

শিখন-শিক্ষণ প্রক্রিয়ার রূপান্তর ঘটানো:  
আপনার বিদ্যালয়ে অন্তর্ভুক্তির প্রবর্তন

Transforming teaching-learning process:  
promoting inclusion in your school



ভারতে বিদ্যালয় ভিত্তিক  
সহায়তার ভিত্তিতে শিক্ষকের  
জন্য শিক্ষা

[www.TESS-India.edu.in](http://www.TESS-India.edu.in)



<http://creativecommons.org/licenses/>



The Open  
University



TESS-India-এর এই 20টি বিদ্যালয় লিডারশিপ OER (মুক্ত শিক্ষা সম্পদ) বিদ্যালয় নেতৃত্বের বোঝার শক্তি আর দক্ষতা বৃদ্ধিতে সাহায্য করার জন্য, যাতে তারা তাদের বিদ্যালয়ের শিখন ও শিক্ষণ পদ্ধতি উন্নত করার ক্ষেত্রে নেতৃত্ব দিতে পারেন। মূলতঃ এই ইউনিটগুলি বাস্তবমুখী, যাতে বিদ্যালয়ের কর্মী, শিক্ষার্থী ও অন্যান্যদের সাথে নিয়ে কার্যকলাপ সম্পাদন করতে হয়। সফল বিদ্যালয়সমূহের উপর করা গবেষণা ও শিক্ষা সংক্রান্ত অধ্যয়ন এগুলির ভিত্তি।

ইউনিটগুলো পাঠ করার কোন নির্দিষ্ট ক্রম নেই, তবে 'দ্য স্কুল লিডার অ্যাজ ইনব্লার' থেকে শুরু করাই শ্রেয়, কারণ এখানে সমগ্র স্তরের একটি অভিমুখ আছে। আপনি নির্দিষ্ট বিষয়ের সাথে সম্পর্কিত ইউনিটগুলি একসঙ্গে অধ্যয়ন করতে পারেন; এই ইউনিট সমগ্র ন্যাশনাল সেন্টার অব স্কুল লিডারশিপ কারিকুলাম ফ্রেমওয়ার্কের (ভারত) মূল বিষয়গুলির সঙ্গে সঙ্গতিপূর্ণ। এগুলি হলঃ 'বিদ্যালয়ের নেতৃত্ব দৃষ্টিকোণ'(1); 'পরিচালনা ও স্ব-উন্নয়ন' (2); 'শেখানো-শেখার প্রক্রিয়ার রূপান্তর' (3); এবং 'পরিচালনায় অংশীদারিত্ব' (6)। মূল বিষয় 4 ও 5- উদ্ভাবন ও দলের নেতৃত্ব দান - বিভিন্ন ইউনিটে আলোচিত হয়েছে, তবে নির্দিষ্ট বিষয় হিসাবে নয়। কিছু কিছু ইউনিটে একটির বেশি মূল বিষয় আলোচিত হয়েছে।

এই বিভাগগুলি বিদ্যালয় নেতৃত্ব স্ব-অধ্যয়নের জন্য অথবা নেতৃত্বদান শেখানোর পাঠ্যক্রমের অংশ হিসাবে ব্যবহার করতে পারেন। দুই ক্ষেত্রেই একটি ব্যক্তিগত শিক্ষার ডায়েরি রাখা এবং অন্যদের সঙ্গে কার্যকলাপ ও কেস স্টাডি সংক্রান্ত আলোচনার মাধ্যমে শেখার অভিজ্ঞতা জ্ঞান করে নেওয়া লাভপ্রদ হয়। 'বিদ্যালয় নেতৃত্ব' শব্দটি এখানে প্রধান শিক্ষক, অধ্যক্ষ, শিক্ষক-প্রতিনিধি বা যিনি বিদ্যালয়ের নেতৃত্বের ভারপ্রাপ্ত-তাকে বোঝাতে ব্যবহৃত হয়েছে।

### ভিডিও সম্পদসমূহ

এই  আইকন নির্দেশ করে কোথায় কোথায় TESS-India স্কুল নেতৃত্ব ভিডিও সম্পদ আছে। এই ভিডিওগুলিতে ভারতীয় বিদ্যালয়ের নেতৃত্বের জানিয়েছেন যে শেখানো এবং শেখার উন্নতির জন্য তাঁরা কিভাবে তাদের বিদ্যালয়ে পরিবর্তন আনছেন। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ ব্যবস্থা নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করতে অনুপ্রাণিত করবে। ভিডিও-সম্পদগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে করা আপনার কাজকে আরও সম্পূর্ণ ও সমৃদ্ধ করা, কিন্তু যদি এগুলি উপলভ্য না হয়, সেক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।

TESS-India ভিডিও সম্পদগুলি TESS-India ওয়েবসাইট <http://www.tess-india.edu.in/> থেকে অনলাইনে দেখা যেতে পারে বা ডাউনলোড করা যেতে পারে। অথবা আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।

### TESS-India (বিদ্যালয়-ভিত্তিক সহায়তার মাধ্যমে শিক্ষক প্রশিক্ষণ) প্রকল্পের বিষয়ে

TESS-India-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদ্ধতির উন্নতিতে বিদ্যালয় নেতৃত্ব আর শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস-এর রিসোর্সগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের অনুশীলন উন্নত করা। 105 টি TESS-India বিষয়ক OERs ভাষা, বিজ্ঞান এবং গণিত বিষয়ে বিদ্যালয়ের পাঠ্যপুস্তকের সাথে শিক্ষকদের সঙ্গে প্রদান করে। এগুলি শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য কার্যক্রম দেয়, আর একই সাথে শিক্ষকদের কিছু কেস স্টাডি দেয় যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে কিভাবে যোগসূত্র স্থাপন করেছেন শিক্ষকদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞান উন্নত করতে সাহায্য করার উদ্দেশ্যে।

ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য সমস্ত TESS-India OERs ভারতীয় এবং আন্তর্জাতিক লেখকরা সহযোগিতা করে লিখেছেন এবং এগুলি অনলাইনে এবং ছেপে ব্যবহারের জন্য পাওয়া যায় (<http://www.tess-india.edu.in/>)। OERs অনেক রূপে পাওয়া যায় এবং এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা ও প্রাসঙ্গিকতা অনুসারে OERsগুলি উপযোগী করে আঞ্চলিক ভিত্তিতে ব্যবহার করার জন্য ব্যবহারকারীদের অমন্ত্রণ করা হচ্ছে।।

TESS-India The Open University, UK দ্বারা পরিচালিত এবং UK সরকারের অর্থপ্রাপ্ত।

সংস্করণ 2.0 SL13v1

### West Bengal

তৃতীয়পক্ষের উপাদানগুলি বা নব্যার্থ্যবর্ণিত না হলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন-শেয়ার অ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ: <http://creativecommons.org/licenses/by-sa/3.0/>

## এই ইউনিটের বিষয়বস্তু

গত দুই বা তিন দশক ধরে, ভারত সহ সারা বিশ্বের সরকারগুলি শিক্ষার সব ক্ষেত্রে লিঙ্গ ও সামাজিক পক্ষপাতদূষ্টতার সমস্যার সমাধানে তাদের অঙ্গীকার ব্যক্ত করেছেন। এই সময়কালকে গুণমানসম্পন্ন শিক্ষা এবং এটা কীভাবে শিক্ষকদের মাধ্যমে প্রদান করা যেতে পারে তার আমূল পরিবর্তনগুলোর মাধ্যমে চিহ্নিত করা হয়। পরিবর্তনের ধারাটিকে এইভাবে সারসংক্ষেপ করা যেতে পারে:

- বৈষম্য দূরীকরণে আরও বেশী জোর দেওয়া
- সকলের জন্য ন্যায়সঙ্গত শিক্ষা
- শিশু-কেন্দ্রিক, প্রয়োজনভিত্তিক শিক্ষা
- শেখার পদ্ধতিতে প্রতিটা শিশুর অংশগ্রহণকে সর্বাধিক করে করা।

এই ধারাগুলি ন্যাশনাল পলিসি অন এডুকেশন (NPE, 1986), দি ন্যাশনাল কারিকুলাম ফর এলিমেন্টারি এন্ড সেকেন্ডারি এডুকেশন (1988), এবং দি রিভাইজড NPE এবং প্রোগ্রাম অফ অ্যাকশন (1992) সহ ভারতীয় অন্যান্য প্রধান নীতির নথিপত্রে প্রতিফলিত হয়েছে।

অতি সম্প্রতি, 2005 এর দি ন্যাশনাল কারিকুলাম ফ্রেমওয়ার্ক (NCF), সকল শিশুদের একটা উচ্চ গুণমানের অন্তর্ভুক্তিমূলক শিক্ষা প্রদানের পন্থাগুলি সহ সর্বাঙ্গীণ পদ্ধতি প্রদান করে। এটা পরিষ্কারভাবে শিক্ষকদের এই প্রয়োজনীয়তাগুলির ওপর আলোকপাত করে:

- প্রতিটা শিশুর স্বতন্ত্র প্রয়োজনীয়তার প্রতি সংবেদনশীল হওয়া
- শিশু-কেন্দ্রিক, সামাজিকভাবে প্রাসঙ্গিক এবং ন্যায়সঙ্গত শিক্ষণ/শেখা প্রদান করা
- তাদের সামাজিক এবং সাংস্কৃতিক প্রেক্ষাপটের বৈচিত্র্য বোঝা।

বিদ্যালয়ে শিক্ষার্থীরা তাদের সঙ্গে যে অসংখ্য চাহিদা ও আশা নিয়ে আসে তা না বুঝলে অথবা তার প্রতি সংবেদনশীল না হলে কোন শিক্ষকই বর্তমানে পেশাদারভাবে সফল হতে পারেন না। শ্রেণি, জাতি, ধর্ম, লিঙ্গ এবং অক্ষমতা নির্বিশেষে তাদের সকল শিক্ষার্থীদের নিযুক্ত করতে এবং অর্থপূর্ণ শেখার সুযোগ প্রদান করতে সক্ষম হতে হবে। ভৌত এবং শেখার পরিবেশ, পাঠক্রম এবং শিক্ষা-সম্বন্ধীয় রীতি সংক্রান্ত গ্রহণযোগ্য নিয়মকে বিশদে বর্ণনা করে লিঙ্গ এবং সামাজিক শ্রেণি নির্বিশেষে, সকল শিক্ষার্থীদের জন্য গুণমানসম্পন্ন শিক্ষাকে বাস্তবায়িত করতে দি রাইট টু এডুকেশন অ্যাক্ট 2009 (RtE) এই অবস্থানকে আরও বেশী জোরদার ও শক্তিশালী করেছে।

গবেষণার একটা উল্লেখযোগ্য শাখা নিশ্চিত করে যে শিক্ষকদের দক্ষতা, মনোভাব এবং প্রেরণা অনগ্রসর ও প্রান্তিক শ্রেণিভুক্ত শিশুদের যুক্ত হওয়া, অংশগ্রহণ করা এবং কৃতিত্বকে লক্ষণীয়ভাবে উন্নীত করতে পারে।

অন্তর্ভুক্তিমূলক বিদ্যালয় শ্রেণিকক্ষ বিন্যাসে শিক্ষকদের মাধ্যমে ন্যায়সঙ্গত শিক্ষা প্রদানের প্রবর্তনে বিদ্যালয় প্রধান এবং প্রথম অপরিহার্য দিকটি হল যে বিদ্যালয়ের নেতৃত্ব:

- শিক্ষার্থীদের ব্যক্তিগত বৈশিষ্ট্য বা আরম্ভ যেমনই হোক না কেন পঠনের ফলাফল ন্যায়সঙ্গত হতে পারে এমন বিশ্বাস থাকা
- সকল শিক্ষার্থীর কৃতিত্ব অর্জন বৃদ্ধি করতে কর্মী ও শিক্ষার্থীদের উৎসাহিত করা
- শিক্ষার্থীদের সাফল্য কেবলমাত্র তাদের শিক্ষাগত কৃতিত্বের দ্বারা পরিমাপ না করা

বিদ্যালয়ের নেতৃত্ব হিসাবে, আপনাকে রাইটস অফ দি চাইল্ড (1989) এর ওপরে জাতিসংঘ সনদ সম্পর্কে সচেতন হতে হবে যা প্রতিটা সদস্য রাজ্যের সকল শিশুকে শিক্ষা দানের জন্য সেগুলির বৈচিত্র্যকে অন্তর্ভুক্ত করার একটা লক্ষণীয় চালিকা শক্তি। বিদ্যালয়ের নেতৃত্ব হিসাবে আপনার দায়িত্ব হল আপনার বিদ্যালয়ের সম্প্রদায়ে অন্তর্ভুক্তি মূলক মনোভাব এবং আচরণের প্রবর্তন করা এবং প্রতিপালন করা।



চিত্র 1 আপনার বিদ্যালয়ে অন্তর্ভুক্তির প্রবর্তন।

## নার্নিং ডায়েরী বা শিক্ষালাভের রোজনামচা

এই ইউনিটটির উপর কাজ করাকালীন, আপনার শিক্ষালাভের রোজনামচাতে আপনাকে লিখতে বলা হবে, যেটা কোন বই বা ফোল্ডার হতে পারে যেখানে আপনি আপনার ভাবনা-চিন্তা ও পরিকল্পনা এক জায়গায় নথিভুক্ত করবেন। হয়ত আপনি এর মধ্যেই এটা শুরু করে দিয়েছেন।

আপনি এই ইউনিটটিতে হয়ত একাই কাজ করছেন, কিন্তু যদি আপনি আরেকজন বিদ্যালয় নেতৃত্বের সাথে আপনার শিক্ষাগ্রহণ সম্বন্ধে আলোচনা করতে পারেন, তাহলে আপনি অনেক বেশী শিখতে পারবেন। তিনি এমন কোন একজন সহকর্মী হতে পারেন যাঁর সাথে আপনি ইতিমধ্যেই একসাথে কাজ করেন, অথবা এমন কেউ যাঁর সাথে আপনি নতুন সম্পর্ক গড়ে তুলতে পারেন। এটা আনুষ্ঠানিকভাবে হতে পারে বা সাধারণ ঘরোয়া আলাপ-আলোচনার মাধ্যমে। আপনার শিক্ষালাভের রোজনামচাতে আপনি যা লিখে রাখবেন তা এই ধরনের সাফাৎকারে কাজে লাগবে, সাথে সাথে আরো দীর্ঘমেয়াদী শেখা ও উন্নতির খসড়াও তৈরি হয়ে যাবে।

## বিদ্যালয় নেতৃত্বেরা এই ইউনিট থেকে কী শিখতে পারবেন

- আপনার কর্মীদের সাথে বৈচিত্র্য, ন্যায় এবং অন্তর্ভুক্তির বিষয়ে সমানুভূতির বিকাশ
- আপনার সকল শিক্ষার্থীর শেখার ফলাফলে উন্নতি ঘটানোর লক্ষ্যে কার্যাবলীকে অগ্রাধিকার দেওয়া।
- পরিকল্পনা করতে এবং কাজকে সম্পাদন করতে অন্যদের সাথে সহযোগিতা করা, যা আপনার বিদ্যালয়ের অসুবিধা অথবা অন্তর্ভুক্ত না হওয়াকে শনাক্ত করা।
- আপনার হস্তক্ষেপের গুরুত্ব মূল্যায়ন।

## 1 নেতৃত্বদানের মাধ্যমে ন্যায়পরায়ণতা এবং অন্তর্ভুক্তির প্রবর্তন

ভারতের জনগণের যে এত বেশী বৈচিত্র্যপূর্ণ সেটা উদযাপন এবং গর্ব করার বিষয়। 'বৈচিত্র্য' শব্দের অর্থ 'প্রচুর পরিমাণে বিভিন্নতার

প্রদর্শন' অথবা 'অত্যন্ত ভিন্ন'। বিভিন্নতা শুধু জীবনের আকর্ষণই বাড়ায় না, বরং তা তার সাথে জটিল এবং পরিবর্তনশীল বিশ্বে অনেক সমাধান ও সম্ভাবনার পথ খুলে দেয়।

কোনো বিদ্যালয়ের বৈচিত্র্য অনেক বিষয়ের সাথে সম্পর্কিত হতে পারে যেমন ভাষা, জাতিগত বৈশিষ্ট্য, লিঙ্গ, জাতি, শ্রেণি, উপার্জনের মাত্রা, শারীরিক সক্ষমতা, আবাসন, বয়স অথবা পূর্বের বিদ্যালয় জীবন। যখন কোনো শ্রেণিতে যোগদান করে তখন দু'জন শিক্ষার্থীর শুরুর মুহূর্ত একই বিন্দুতে থাকে না অথবা শেখার একই পন্থা অথবা পাঠক্রমের সাথে সংযোগ একই হয় না। যে শিক্ষক বিভিন্ন প্রেক্ষাপট, সংস্কৃতি এবং অভিজ্ঞতাকে উপলব্ধি এবং গুরুত্ব দেবেন, তিনি শেখায় শিক্ষার্থীদেরকে আরও বেশী নিযুক্ত করতে পারবেন, যা তাদের প্রত্যেকের কাছে অর্থপূর্ণ হবে।

NPE থেকে NCF এর উদ্ধৃতি:

সমতাকে প্রবর্তন করতে, সবাইকে সম সুযোগ প্রদান করাটা গুরুত্বপূর্ণ, তা শুধু পাওয়ার ক্ষেত্রে নয় বরং তার সাথে সফলতার অবস্থাতেও। এছাড়াও, সমতার প্রতি সকলের সহজাত সচেতনতা মূল পাঠক্রমের মাধ্যমে তৈরী করা যাবে। উদ্দেশ্য হল সামাজিক পরিবেশ এবং জন্মের দুর্ঘটনার মাধ্যমে সঞ্চারিত পক্ষপাতদুষ্টতা এবং জটিলতাগুলোকে দূর করা।

আপনার বিদ্যালয় এবং শ্রেণিকক্ষের বিন্যাসে এই নীতির ভাষা স্থানান্তর করাটা কঠিন হতে পারে। তাই, বৈচিত্র্য, সমতা এবং অন্তর্ভুক্তি সংক্রান্ত বিষয়গুলি সংক্রান্ত সমস্যার সমাধান করতে বিদ্যালয়ের কর্মীদের এবং বৃহত্তর বিদ্যালয় সম্প্রদায়কে সাহায্য করাটা বিদ্যালয়ের নেতৃত্বদের দায়িত্ব। তিনটি প্রাথমিক পদক্ষেপের মাধ্যমে এটা করা যেতে পারে:

1. নিশ্চিত করা যে সকল শিক্ষক এবং বৃহত্তর বিদ্যালয় সম্প্রদায় বিদ্যালয়ের প্রসঙ্গের মধ্যে বিভিন্নতা, সমতা এবং অন্তর্ভুক্তির সমস্যাগুলি বুঝবেন। এতে অন্তর্ভুক্ত হল শিক্ষার্থীদের ফলাফল এবং তাদের অনুশীলনের জন্য কী কী নিহিত আছে তা জানা।
2. অসমতা অথবা বহিষ্কারের মত সমস্যার সমাধানে সহযোগিতামূলকভাবে পরিকল্পনা করা এবং হস্তক্ষেপ বা কাজ করা। নিজস্ব শিক্ষণ অনুশীলন এবং/অথবা শেখার সুযোগে পরিবর্তনের জন্য কাজগুলি কীভাবে পার্থক্য ঘটায় তা বোঝা।
3. শিক্ষণ, শেখা অথবা যাজকীয় সহায়তায় পরিবর্তন কীভাবে পর্যবেক্ষণ করা হবে তা বোঝা, যাতে নিশ্চিত করা যায় যে শিক্ষার্থীদের শেখার ওপর এগুলির একটা ইতিবাচক প্রভাব আছে।

যদি আপনি আপনার বিদ্যালয়ের উন্নতিকরণে বৈচিত্র্য সংক্রান্ত তথ্যের ব্যবহার ইউনিটটি পড়ে থাকেন, তবে আপনি ইতিমধ্যে ভেবেছেন যে তথ্য কীভাবে বিদ্যালয়ের পরিপ্রেক্ষিতে বৈচিত্র্যের সমস্যাগুলিকে তুলে ধরতে পারে এবং আপনার বিদ্যালয়ের অগ্রাধিকার ক্ষেত্রগুলোর বিকাশ করতে শুরু করেছেন। আপনি যে তথ্য সংগ্রহ করেছেন এবং যে অগ্রাধিকার ক্ষেত্রগুলোকে চিহ্নিত করেছেন, সেটা আপনার কর্মীদের শেখার রীতির ক্ষেত্রে আরও বেশী করে অন্তর্ভুক্তিমূলক হওয়ার জন্য তাদের কীভাবে নেতৃত্ব দেবেন সেটা বোঝার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

## 2 বৈচিত্র্য, সমতা এবং অন্তর্ভুক্তির বিষয়ে বুঝতে অন্যদের সাহায্য করা

আপনি দেখে থাকতে পারেন যে আপনার কর্মীদের মধ্যে কিছু ব্যক্তি ইতিমধ্যে অন্তর্ভুক্তির পরিভাষা সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করেছেন, যদিও বেশ কিছু ব্যক্তি তা করতে পারেননি। বৈচিত্র্যগুলির মধ্যে সম্পর্ক, আপনার নির্দিষ্ট বিদ্যালয় প্রসঙ্গ এবং শিক্ষার্থীদের ফলাফলের ওপর এর নির্দিষ্ট প্রভাবের বিষয়ে বুঝতে অনেকের পেশাদারিত্বে আরও বেশী উন্নতির প্রয়োজন হবে।

তাই একজন ব্যক্তি হিসাবে আপনাকে কর্মী, এবং বৃহত্তর সম্প্রদায়কে তাদের জন্য এই কার্যক্রমের তাৎপর্যগুলিকে বোঝার ক্ষেত্রে সাহায্য করতে সময় দিতে হতে পারে। আপনি বৃহত্তর বিদ্যালয়কে নিযুক্ত করার আগে একটা ছোট কর্মীদল সংগঠিত করে এটা করতে পারেন

যেখানে কিছু প্রাথমিক পরিবর্তন করে অথবা শুরু থেকে এটাকে একটা সম্পূর্ণ বিদ্যালয়ের সমস্যা হিসাবে সমাধান করে তা করা যেতে পারে। আপনি যে পদক্ষেপই নিন না কেন, বিষয়টিকে পরিচিত করতে আপনার নিজের সাহায্যের জন্য এবং কর্মীদের কাছে সমতা, বিভিন্নতা এবং অন্তর্ভুক্তির অর্থ কী তার বোধগম্যতার বিকাশে কর্মীদের সাহায্য করতে আপনার কিছু উপকরণের প্রয়োজন হবে।

সম্পদ 1, 'সকলকেসামিল করা', আপনার সহকর্মীদের সাথে বন্টন করার ক্ষেত্রে সহায়ক হতে পারে।




## ভিডিও: সকলকে অন্তর্ভুক্ত করা

আর্টাইলস এবং অন্যান্য (2006) শিক্ষার বিন্যাসে অন্তর্ভুক্তির চারটি মাত্রা চিহ্নিত করেছেন যা একটা প্রাথমিক শুরুর বিন্দুতে কার্যকরী হতে পারে:

- প্রাপ্তির সুযোগ:** যেখানে উপস্থিতির বাধার অন্তর্ভুক্ত হল প্রতিবন্ধী অথবা চিকিৎসাগত অবস্থা, দারিদ্র (বিদ্যালয়ের ইউনিফর্ম বা ফি দেওয়ার জন্য টাকার ব্যবস্থা না করতে পারা, পরিবারের জন্য অর্থ উপার্জন করা, গৃহহীন, পড়ার জায়গার অভাব), অবস্থান (তাদের বয়সে বিদ্যালয়ে যাতায়াত অতিশয় কষ্টসাধ্য অথবা বিপদজনক), পরিচর্যার দায়িত্ব অথবা সাংস্কৃতিক বিষয়গুলির কারণে শিক্ষাকে প্রাধান্য দেওয়ার অভাব।
- স্বীকৃতি:** শিক্ষার্থীরা বিদ্যালয়ে একবার আসলে তাদের যে 'মর্যাদা' দেওয়া হয় তা শিক্ষকদের মানসিকতার দ্বারা প্রভাবিত হতে পারে। শিক্ষকদের আশা রাখতে হবে যে সকল শিক্ষার্থী একজন স্বতন্ত্র ব্যক্তি এবং তারা প্রেক্ষাপটের বিষয়সমূহ নির্বিশেষে সফল হবে।
- অংশগ্রহণ:** শিক্ষা একটা সামাজিক অ্যাক্টিভিটি; আমাদের অন্যদের সাথে কার্যকলাপে অন্তর্ভুক্ত হওয়া এবং অর্থগুলো অন্যদের সাথে সংযুক্ত করার মাধ্যমে জ্ঞান অর্জিত হয়। শিক্ষার্থীদের অবশ্যই অন্যদের সাথে অংশগ্রহণ করার এবং শিক্ষকদের সাথে যোগাযোগ করার সুযোগ দিতে হবে।
- কৃতিত্ব:** 'অন্তর্ভুক্তির' অর্থ এই নয় যে সকল শিক্ষার্থী একই মাত্রায় সাফল্য অর্জন করবে। অন্তর্ভুক্তি প্রসঙ্গে, 'কৃতিত্ব' কথার অর্থ হল যে সকল শিক্ষার্থীর বিভিন্ন প্রসঙ্গে তাদের শিক্ষাগত কৃতিত্ব প্রদর্শন করার সুযোগ আছে এবং তা শুধুমাত্র স্থির এবং জাতীয় আনুষ্ঠানিক পরীক্ষাগুলোতে নয়। শিক্ষকরা অবশ্যই শিক্ষার্থীদের বিভিন্ন দক্ষতা দেখাতে, সক্ষমতা এবং জ্ঞান প্রদর্শন করতে দেবে যাতে তাঁদের কৃতিত্ব জনসমাজে মধ্যে স্বীকৃতি এবং গুরুত্ব পায়।

চিত্র 2 তে একটা মজাদার উদাহরণ দেওয়া আছে যে, যে কাজ স্থির করা হয় তার মাধ্যমে কত সহজে ব্যক্তি বা দলকে বাদ দেওয়া যায়।



*"Everybody is a genius. But if you judge a fish by its ability to climb a tree, it will live its whole life believing that it is stupid."*

*-Albert Einstein*

**চিত্র 2** আপনি যে কাজ স্থির করবেন তা যেন অবশ্যই অন্তর্ভুক্তিকে উন্নীত করে।

চিত্র 2 তে দেখানো পশুগুলি আপনার শ্রেণিকক্ষের শিক্ষার্থীদের মতো বৈচিত্র্যপূর্ণ। ইতিবাচক মনোভাব নিয়ে তাদের বিভিন্নতাকে স্বীকৃতি দেওয়াটা গুরুত্বপূর্ণ এবং তাদের এমনভাবে কাজ দেওয়া উচিত নয় যা কিছু লোকের ক্ষেত্রে অসুবিধার কারণ হতে পারে এবং অন্যদের পক্ষে সুবিধাজনক হয়। চিত্রে এটা স্পষ্টত প্রতীয়মান যে কাজটা স্থির করা হয়েছে তাতে কোন পশুটা সফল হবে; শিক্ষার্থীদের শ্রেণিতে ঠিক এরকমই ঘটে। কোনো একটা কাজ দেওয়ার সময় শিক্ষকরা প্রায়শই জানেন যে ক্লাসের কোন শিক্ষার্থীরা সফল হবে।

যদিও, এটা শুধুমাত্র কাজের ক্ষেত্রেই নয় যাতে কিছু শিক্ষার্থী অসুবিধায় পড়তে পারে। বিদ্যালয়ের পরিবেশের অর্থ এও হতে পারে কিছু শিক্ষার্থীর প্রাপ্তির সমান সুযোগ নেই অথবা তারা কোনও কারণ ছাড়াই সমস্যার সম্মুখীন হয় (উদাহরণস্বরূপ, শৌচালয় অথবা ওয়াশরুমের সুবিধা ব্যবহারের ক্ষেত্রে)। এই সকল অতিরিক্ত বাধা একজন শিক্ষার্থীর ক্ষেত্রে চাপ সৃষ্টি করতে পারে এবং এমনও ঘটতে পারে যে তাকে আলাদাভাবে দেখার জন্য উদ্বেগের কারণে সে বিদ্যালয়ে উপস্থিত হলে না। তাই ভিন্নতাকে 'স্বাভাবিক' করাটা গুরুত্বপূর্ণ, যাতে কোনো লজ্জা অথবা বিরতভাব না থাকে যার জন্য অতিরিক্ত প্রয়োজনীয়তা বা অভিযোজনের প্রয়োজন হয়।

### অ্যাক্টিভিটি 1: বাস্তবে অন্তর্ভুক্তির তাৎপর্যের বিষয়ে আলোচনা শুরু করা

আর্টাইলস এবং অন্যান্য এর অন্তর্ভুক্তির মাত্রা এবং চিত্র 2 তে কার্টুনের দিকে দৃষ্টি নিবন্ধ করুন। আপনার বিদ্যালয়ে অন্তর্ভুক্তির উন্নতি করার বিষয়ে আপনার কর্মীর সাথে আলোচনা শুরু করতে আপনি কীভাবে এসকল সম্পদকে ব্যবহার করতে পারেন? আলোচনার জন্য তারা কী সুযোগ প্রদান করে তা বিবেচনা করুন:

- আপনার বিদ্যালয় নির্দিষ্ট প্রসঙ্গ
- নির্দিষ্ট বিষয়ের ক্ষেত্রে তাৎপর্য
- যে প্রকারের শিক্ষণ এবং শেখা ঘটে তার ক্ষেত্রে এর তাৎপর্য (মূল্যায়ন সহ)।

## আলোচনা

আপনি অনুভব করে থাকতে পারেন যে একটা অন্তর্ভুক্তিমূলক শেখার পরিবেশ তৈরী করা সেই শিক্ষণের সাথে জড়িত যা শ্রেণির নির্দিষ্ট প্রয়োজনীয়তাগুলির জন্য সক্রিয়, ব্যক্তি বিশেষের জন্য তৈরী এবং উপযুক্ত শিক্ষাকে উল্লীত করে। যেমন এর সম্ভাবনা খুবই কম যে একটা চূড়ান্ত লিখিত পরীক্ষা সহ পাঠ্যপুস্তক নিয়ে সকল শিক্ষার্থীর কাজ করাকে ঘিরে পরিকল্পিত একটি পাঠ পরিকল্পনা একটা অন্তর্ভুক্তির পরিবেশ সৃষ্টি করবে যেখানে সকল শিক্ষার্থী তাদের পরিপূর্ণ সম্ভাবনা অর্জন করবে।

আপনি অ্যাক্টিভিটি 1 এ ভাবনা চিন্তা করে থাকতে পারেন যে কীভাবে নির্দিষ্ট বিষয়গুলির শিক্ষার্থীদের বিশেষ দলের সাথে সম্পর্কিত নির্দিষ্ট অন্তর্ভুক্তি বিষয়াদি আছে অথবা আপনার বর্ণনা প্রসঙ্গে একটা অগ্রাহ্যমূলক বিষয় আছে যা শিক্ষার্থীদের পাঠক্রম প্রাপ্তির সুযোগের ক্ষেত্রে প্রভাব ফেলে।

আপনার ভাবনা চিন্তা যাই হোক না কেন, এইসব সম্পদগুলি আলোচনার জন্য শুরুর বিন্দু প্রদান করতে পারে যে শ্রেণিকক্ষ ও বিদ্যালয়ের পরিবেশে মনোভাব তথা ক্রিয়াকলাপ উভয়েই অন্তর্ভুক্তি হওয়া বলতে ঠিক কী বোঝায়। এটা করাকালীন এই বিষয়টা শনাক্ত করা এবং ব্যবহার করা মূল্যবান যে আপনার কর্মীদের অনেকেরই প্রতিকূলতা অথবা বহিষ্কারের ব্যক্তিগত অভিজ্ঞতা থাকতে পারে। যদি কোন ব্যক্তির ব্যক্তিগত অভিজ্ঞতা না থাকে, তবে তারা এমন কোনো ব্যক্তিকে জানতে পারেন যাদের আছে অথবা যারা একটা পরিস্থিতিতে তাদের অনুভূতিগুলি কল্পনা করতে সক্ষম হতে পারেন। মনোভাব এবং বিশ্বাসে পরিবর্তনগুলি সহজতর করতে এই সকল অভিজ্ঞতার ব্যবহার শেখার শক্তিশালী উপাদান হতে পারে। এখন অ্যাক্টিভিটি 2 চেষ্টা করুন, যেখানে বিবেচনা করতে পারেন যে এই ধরনের অ্যাক্টিভিটি কীভাবে আপনাকে এবং আপনার কর্মীকে আপনার বিদ্যালয়ে একটা আরও বেশী অন্তর্ভুক্তিমূলক সংস্কৃতির বিকাশ ঘটাতে সহায়তা করতে পারে।

## অ্যাক্টিভিটি 2: ব্যক্তিগত অভিজ্ঞতার ব্যবহার

এমন সময় সম্বন্ধে ভাবনা চিন্তা করুন যখন আপনার নিজের ভিন্নতা (শ্রেণি, শিক্ষা, ভাষা, বর্ণ, লিঙ্গ প্রভৃতি) রয়েছে, অথবা সম্ভবত আপনার কোন নিকট ব্যক্তি বা আপনি ভালভাবে চেনেন এমন কোন ব্যক্তির ভিন্নতার বিদ্যালয়ের অভিজ্ঞতার ক্ষেত্রে একটা নেতিবাচক বা অনভিপ্রেত প্রভাব ছিল। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন:

- অন্যদের দ্বারা অন্তর্ভুক্ত না করায় অথবা বৈষম্যের শিকার হয়ে আপনার কেমন মনে হয়েছিল?
- আপনি এরকম একটা অবস্থা কেমনভাবে সামলেছিলেন?
- আপনার কোন ধরনের সহায়তা পেলে ভালো লাগত?
- আপনি যে সহায়তা চেয়েছিলেন তা কি পেয়েছিলেন?
- আপনার বিদ্যালয়ে যেসব শিক্ষার্থীরা তাদের অন্তর্ভুক্ত করা হয়নি অথবা তাদের বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণ করা হয়েছে বলে অনুভব করে তাদের অনুভূতির ব্যাপারে আপনার উত্তরগুলি কী আলোকপাত করেছে?

## আলোচনা

আপনি অনুভব করতে পারেন যে আপনার জীবনের প্রথমদিকে আপনি হয়তো অল্প কিছু বৈষম্যের মুখোমুখি হয়েছেন অথবা আপনি এখনও পর্যন্ত একে 'বৈষম্য মূলক আচরণ' বলে ভাবেননি এবং একে কিছু খারাপ ব্যবহার রূপে গ্রহণ করেছিলেন যেমন 'এইভাবেই এটা হয়'। যদিও, আপনি নিশ্চিতভাবে অন্য শিক্ষার্থীদের ওপর উল্লেখযোগ্য অনৈতিক আচরণ দেখেছেন এবং আপনিও হয়তো এই কাজের সাথে যুক্ত হয়ে থাকতে পারেন। পেছনে ফিরে তাকালে, এইসব জিনিসগুলো দেখার জন্য আমাদের পশ্চাদৃষ্টির সুবিধা আছে। আপনার সম্ভবত হতাশা, অবিচার বা শক্তিহীনতার অনুভব হয়ে থাকতে পারে।

একজন শিক্ষার্থী হিসাবে কর্তৃপক্ষকে চ্যালেঞ্জ জানানোটা খুবই কঠিন, এমনকি আপনি যদি মনেও করেন যে এটা অবিচার হচ্ছে। আপনি অবহেলিত অথবা উপেক্ষিত হওয়ার দরুন আপনার অভিজ্ঞতা আপনাকে নিরুৎসাহিত করে থাকতে পারে? এমনও কোনো বিশেষ শিক্ষক থাকতে পারেন যিনি অনেক বেশী নিরপেক্ষ ছিলেন এবং সুন্দর ব্যবহার করতেন এবং আপনি তাদের শিক্ষায় সাহায্য অনুভব করেছিলেন অথবা যে সাহায্য আপনি আপনার পরিবারের থেকে পেয়েছিলেন, যিনি আপনাকে চেষ্টা চালিয়ে যেতে উদ্বুদ্ধ করেছিলেন। শেখার প্রচেষ্টা কঠিন হয়ে পড়ে যখন বিদ্যালয় আপনার কাজে আগ্রহ দেখায় না এবং এটা কিছু কিছু ক্ষেত্রে আপনার সাফল্যেও প্রভাব ফেলে।

বিদ্যালয়ে বিভিন্ন মাত্রায় ভেদাভেদ উপস্থিত থাকতে পারে এবং বিদ্যালয়ের নেতৃত্ব এবং শিক্ষক উভয়েরই এই ব্যাপারে সতর্ক হতে হবে। **ব্যক্তিগত ভেদাভেদ** কোনো ব্যক্তির জ্ঞাতসারে অথবা অজ্ঞাতসারে পক্ষপাতিত্বের কারণে আসতে পারে। উদাহরণস্বরূপ, এমন কোনো অবস্থা ঘটতে পারে যেখানে কোনো ছাত্রের নিশ্চিত যোগ্যতা থাকা সত্ত্বেও সে বিদ্যালয়ের ক্রিকেট দলে স্থান পেল না। এটা হতে পারে যে শিক্ষক চান না যে তার গ্রাম থেকে কোন ছেলে এই দলে যোগ দিক এবং বিশ্বাস করেন যে অন্যান্য ছেলেরাও একই অনুভব করবে।

কিন্তু প্রতিষ্ঠানগুলোতে আরও বেশী ব্যাপক এবং লুক্কায়িত স্তরের ভেদাভেদ থাকতে পারে যা বিদ্যালয়ের সংস্কৃতিতে লক্ষণীয় প্রভাব ফেলতে পারে। **প্রাতিষ্ঠানিক ভেদাভেদকে** প্রায়শই প্রশ্নের মুখোমুখি হতে হয় না, বিশেষ করে যদি এটা কাজের স্বাভাবিক ধরণ হয়। উদাহরণস্বরূপ, এরকম অনেকেই বিশ্বাস করেন যে মেয়েরা গণিত অথবা বিজ্ঞানে ভাল নয়। এটা নিশ্চিতভাবে একটা মিথ্যা ভাষণ, এবং তবুও মেয়েদেরকে বাধ্যতামূলক পাঠক্রমের স্তরের বাইরে এই সকল বিষয় নেওয়ার জন্য উদ্বুদ্ধ করা হয় না। আরেকটা উদাহরণ হিসাবে বলা যায় যে এটা বিশ্বাস আছে যে বিশেষ কোনো জাতিগত গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীরা শুধুমাত্র হস্তচালিত কাজকর্ম করবে, তাই সাহিত্য ও শিল্পকর্মে তাদের খুব কমই সমাদর করা হয়: এই গোষ্ঠীভুক্ত কবি এবং শিল্পীরা কখনই পরিচিত হন না অথবা যন্ত্র পান না। প্রাতিষ্ঠানিক ভেদাভেদ এই অনুমান ভিত্তিতে চলে যে যা হচ্ছে তা সবই ঠিক এবং এসব কিছুই পরিবর্তন হওয়ার প্রয়োজন নেই।

নেতৃত্ব হিসাবে, আপনি প্রাতিষ্ঠানিক ভেদাভেদকে নির্ধারণ করতে শিখবেন এবং তাকে চ্যালেঞ্জ জানাবেন তা আপনি সেটা যেখানেই দেখতে পান না কেন, আপনি সকল শিক্ষার্থীর শিক্ষার ফলাফলে সমতার দিকে লক্ষ্যপাত করবেন। 'রীতি' কে চ্যালেঞ্জ করা খুব কঠিন হতে পারে। একে ভিন্নভাবে কল্পনা করার চেষ্টা করুন এবং নিজেকে জিজ্ঞাসা করুন যে আপনার অনুমানের জন্য আপনার কাছে ভাল প্রমাণ আছে কিনা। উদাহরণস্বরূপ, গণিতে মেয়েদের ভাল না হওয়ার ধারণাটি (ভুল) বিবেচনা করুন। আপনি নিজেকে জিজ্ঞাসা করতে পারেন: আমি এমন কী পড়েছি যার থেকে আমি এটা জানতে পেরেছি? আমি কি এমন কোনো ভাল মহিলা গণিতজ্ঞকে জানি? যদি মেয়েদেরকে কখনও উচ্চতর গণিত শিক্ষার সুযোগ না দেওয়া হয় তবে কীভাবে তারা তাদের দক্ষতা দেখাবে?

### অ্যাক্টিভিটি 3: শিক্ষা হল একটা ভিন্ন জীবনের প্রবেশদ্বার

নীচে ভারতের 11তম রাষ্ট্রপতি, ডঃ এ.পি.জে কালামের বিষয়ে উইকিপিডিয়া থেকে একটা অংশ দেওয়া হল। আপনি এটা পড়ার সাথে সাথে ভাবুন যে একটা আর্থ-সামাজিকভাবে অসুবিধার সম্মুখীন হওয়া পরিবার থেকে আসা সত্ত্বেও তিনি কীভাবে শিক্ষাক্ষেত্রে সফল হয়েছিলেন। তিনি তার শিক্ষা চালিয়ে গেলেও তা সর্বদা সহজ ছিল না এবং তিনি সর্বদা সফলও হননি, কিন্তু তিনি অশ্রদ্ধা নমনীয়তা এবং আত্মবিশ্বাস দেখিয়েছিলেন।

আবুল পাকির জাইনুলাবদিন আবদুল কালাম (জন্ম 15 ই অক্টোবর 1931), যিনি সাধারণভাবে ডঃ এ.পি.জে. আবদুল কালাম নামে পরিচিত, হলেন একজন ভারতীয় বিজ্ঞানী এবং প্রশাসক যিনি 2002 থেকে 2007 সাল পর্যন্ত ভারতের 11 তম রাষ্ট্রপতি ছিলেন।

আবদুল কালাম 15 ই অক্টোবর 1931 তারিখে ভারতের তামিলনাড়ু রাজ্যের রামেশ্বরমে, একটা তামিল মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেছিলেন, তার বাবা ছিলেন জাইনুলাবদিন, একজন নৌকার মালিক, এবং আসিয়াম্মা, তার মা

একজন গৃহবধু ছিলেন। তিনি দরিদ্র পরিবারভুক্ত ছিলেন এবং তার পরিবারের উপার্জনের যোগান দিতে তিনি কম বয়স থেকেই কাজ করতে শুরু করেছিলেন। বিদ্যালয় সম্পূর্ণ করার পরে, কালাম সংবাদপত্র বিলি করতেন যাতে তিনি তার বাবার উপার্জনে আর্থিকভাবে কিছু সাহায্য করতে পারেন। তাঁর বিদ্যালয়ের বছরগুলিতে, তিনি গড়পড়তা গ্রেড পেতেন, কিন্তু তিনি একজন উজ্জ্বল এবং কঠোর পরিশ্রমী ছাত্র ছিলেন যার শেখার কঠোর ইচ্ছা ছিল এবং তার লেখাপড়ায়, বিশেষ করে, গণিতে, অনেক সময় ব্যয় করতেন।

রামেশ্বরম এলিমেন্টারি স্কুলে, তার বিদ্যালয়ের শিক্ষা শেষ করার পরে, কালাম তিরুচিরাপল্লীতে সেন্ট যোশেফ'স কলেজে যোগ দিয়েছিলেন, তারপরে মাদ্রাজ বিশ্ববিদ্যালয়ে যোগ দেন, যেখান থেকে তিনি 1954 সালে পদার্থবিদ্যায় স্নাতক হন। কোর্সের শেষের দিকে, তিনি বিষয়টি নিয়ে উৎসাহী ছিলেন না এবং পরে অনুশোচনা করেছেন যে চার বছর ধরে তিনি সেটা পড়েছিলেন। এরপরে 1955 সালে তিনি মাদ্রাজে এরোস্পেস ইঞ্জিনিয়ারিং পড়তে যান।

তিনি তার আত্মজীবনী *উইঙ্গস অফ ফায়ার* (2002) এ জানিয়েছিলেন: আমি আমার বাবার কাছ থেকে সততা এবং স্ব-নিয়মানুবর্তিতা লাভ করেছি; আমার মায়ের থেকে আমি ধার্মিকতা এবং গভীর দয়া লাভ করেছি, যেমনটা আমার তিন ভাই ও বোনও পেয়েছিল।'

এই অংশটা পড়ে, নিম্নলিখিত প্রশ্নগুলো সম্বন্ধে ভাবনা চিন্তা করুন:

- কোথা থেকে এই গুণগুলি এসেছিল বলে আপনি মনে করেন এবং সেগুলো কীভাবে সম্বন্ধে লালিত হয়েছিল? কঠোরভাবে পড়াশোনার করার জন্য তিনি কোথা থেকে তার অনুপ্রেরণা এবং সহায়তা পেয়ে থাকতে পারেন? তার নিকট পরিবার, তার সম্প্রদায় এবং তার বিদ্যালয় শিক্ষার বিষয়ে ভাবুন।
- এমন কি আর অন্য কোনো কেস স্টাডি আছে যা আপনার কর্মী এবং শিক্ষার্থীদের মধ্যে অন্তর্ভুক্তি এবং আকাঙ্ক্ষা উন্নীত করতে পারে? এগুলিতে সম্ভবত বিভিন্ন প্রেক্ষাপট থেকে আসা সেইসব শিক্ষার্থীরা অন্তর্ভুক্ত হতে পারেন যারা আপনার বিদ্যালয় ছেড়ে গেছেন এবং বিভিন্ন ক্ষেত্রে অত্যন্ত সফল হয়েছেন অথবা অতি-পরিচিত ব্যক্তিস্ব যারা বাধাগুলো অতিক্রম করেছেন। মনোভাব এবং আচরণকে চ্যালেঞ্জ জানাতে আপনি কীভাবে এইসব কেস স্টাডিগুলি ব্যবহার করতে পারেন?

উপরের অংশ ডঃ কালামের পিতামাতার থেকে পাওয়া উত্তরাধিকার বর্ণনা করে; এছাড়াও তিনি জানিয়েছিলেন যে তার ভাইবোনেরাও একই জিনিস উত্তরাধিকার সূত্রে পেয়েছিল। যদিও তাঁর যৌথ পরিবারের বেশীরভাগ লোক উচ্চশিক্ষা করার ইচ্ছা প্রকাশ করেননি অথবা শিক্ষাগত সাফল্য অর্জন করেননি। তাঁর পিতামাতার প্রভাবের সাথে সাথে, সম্ভবত তাঁর সম্প্রদায়ের সদস্যরা ছিলেন যারা তাঁকে উৎসাহিত করেছিলেন, তাঁর হতদরিদ্র স্বর থেকে উঠে তাদের প্রতিনিধি হয়ে একটা বৃহত্তর মঞ্চে উত্তীর্ণ হওয়ার জন্য তাঁর প্রত্যাশার যোগসূত্র স্থাপন করেছিলেন, তারা জানতেন না যে সেই একদিন ভারতবর্ষের রাষ্ট্রপতি হবে। এটাও সম্ভবত হতে পারে যে বিদ্যালয়ের শিক্ষা ডঃ কালামের কৃতিত্ব অর্জনে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল। সম্ভবত তাঁর সামাজিকভাবে নিম্ন অবস্থান সত্ত্বেও, তাঁর শিক্ষকরা তাঁকে সম্মান দিয়েছিলেন এবং উৎসাহিত করেছিলেন। সম্ভবত বিদ্যালয়গুলো শিক্ষার্থীদের পরবর্তী স্বরের শিক্ষায় অগ্রগতিতে সাহায্য করতে, সকলের মধ্যে আকাঙ্ক্ষা জাগাতে ভালভাবে কাজ করেছিল।

কেস স্টাডিগুলোর ব্যবহার মনোভাব পরিবর্তন করার জন্য একটা শক্তিশালী মাধ্যম, বিশেষ করে তা সম্প্রদায়ের কাছে স্থানীয়ভাবে হলে। কেস স্টাডি প্রদর্শন করা, এগুলো শ্রেণিতে পাঠক্রম কার্যকলাপের অংশ রূপে ব্যবহার করা, অতিথি বক্তাদেরকে তাঁদের সাফল্যের বিষয়ে এবং কীভাবে তাঁরা বাধা অতিক্রম করেছেন সেই সংক্রান্ত আলোচনার জন্য আমন্ত্রণ করা এবং একক ব্যক্তির গল্পগুলো থেকে শেখা যেতে পারে এমন শিক্ষাগুলোর বিষয়ে আলোচনা করা, অন্তর্ভুক্তি বিষয়ে আলোচনায় কর্মী এবং শিক্ষার্থীদের নিযুক্ত করার ক্ষেত্রে কার্যকরী পন্থা হতে পারে।

## 3 শেখার ফলাফলের উন্নতি ঘটাতে অগ্রাধিকারপূর্ণ কার্যাবলী

শেখার সুযোগের ক্ষেত্রে অনেক বিষয় প্রভাব ফেলতে পারে, যেমন উপস্থিতি, ইউনিফর্ম কেনার সক্ষমতা, শিক্ষার্থীদের বিদ্যালয়ে ভর্তি হওয়ার সক্ষমতা অথবা বিদ্যালয়ে শৌচাগারের সুবিধা থাকার সীমাবদ্ধতা। বিকল্পরূপে শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে অসুবিধার অভিজ্ঞতা লাভ করতে পারে যা শিক্ষকদের মনোভাব, ব্যবহৃত পদ্ধতি এবং সামগ্রী এবং শিক্ষণের সময়ে পাঠ্যসূচী প্রদানের কারণে তাদের শেখার উপর প্রভাব ফেলে।

আপনি সেইসব শিক্ষার্থীদের কঠোর পরিশ্রমের বিষয়ে জ্ঞাত হয়েছেন যারা মনে করে যে তারা আলাদা এবং বিদ্যালয়ের চাহিদামতো তাদেরকে 'মানানসই' হতে হবে। এই চাহিদাগুলো হতে পারে যে শিক্ষার্থীরা যেন অবশ্যই পরিষ্কারভাবে লেখে অথবা চার মিটার দূরত্ব থেকে ব্ল্যাকবোর্ডের লেখা পড়তে পারে অথবা দীর্ঘ সময় ধরে তারা বসে থাকে এবং শোনে।

এই সকল (এবং অন্যান্য) চাহিদার প্রতি শিক্ষার্থীরা বিভিন্ন ধরনের প্রতিক্রিয়া জানায়, কখনও 'সহজেই' আবার কখনও 'প্রচুর সমস্যা সহ'। কিছু শিক্ষার্থীর ক্ষেত্রে, এই সকল চাহিদা পূরণের জন্য নূন্যতম প্রচেষ্টা লাগে। অন্যান্য ক্ষেত্রে, তারা শুধুমাত্র তখনই করতে পারে যখন কোনো উল্লেখযোগ্য ব্যক্তি তাদের জীবনে সহায়তা করেন (সাধারণত পিতামাতা এবং শিক্ষক)। এটা পরিষ্কার যে বিদ্যালয়গুলোকে উক্ত মানিয়ে নেওয়ার কৌশলগুলো এবং অসুবিধাগুলোকে 'অবশ্যম্ভাবী' রূপে দেখার অবস্থানে পরিবর্তন করতে হবে। NCF পরিবর্তনের ভারকে বিদ্যালয় এবং শিক্ষকদের কাঁধেই দিচ্ছে যখন জানাচ্ছে যে:

সাম্যের জন্য শিক্ষার একটা গুরুত্বপূর্ণ কাজ হল সকল শিক্ষার্থীকে তাদের অধিকারগুলি দাবী করার তথা সমাজ ও রাষ্ট্রের প্রতি অবদান রাখার বিষয়ে সক্রিয় করা। এইরূপে, এটা প্রান্তিক শিক্ষার্থীদের, বিশেষ করে মেয়েদের জন্য তাদের অধিকারগুলি দাবী করা তথা সমষ্টিগত জীবনের গঠনে একটা সক্রিয় ভূমিকা নেওয়া সম্ভব করে তোলে, শিক্ষা অবশ্যই তাদের অসম সামাজিকীকরণের অসুবিধাগুলিকে জয় করার ক্ষমতা প্রদান করে এবং স্বাধীন এবং সমকক্ষ নাগরিক হওয়ার লক্ষ্যে তাদের সক্ষমতার বিকাশ ঘটাতে তাদেরকে সক্রিয় করে।

আপনার বিদ্যালয়ের শিক্ষার্থীদের বিভিন্ন দল এবং তাদের শেখার সুযোগ প্রাপ্তির বিভিন্নতার মধ্যে যোগসূত্রটি বিশ্লেষণ করা প্রয়োজন। এই উপলব্ধির যে প্রকাশ এবং অনুশীলন কীভাবে কিছু শিক্ষার্থী কিছু বিষয় তাড়াতাড়ি শিখেছে তার একটি বড় অংশ, শিক্ষা প্রদানকে যেভাবে দেখা হত সেই দৃষ্টিভঙ্গির দ্রুত পরিবর্তন ঘটিয়েছে। ভাল শিক্ষণের কলাকৌশল কেবলমাত্র তথ্য প্রদান থেকে কৌশলগুলি প্রয়োগ করাতে স্থানান্তরিত হয়েছিল যা শিক্ষার্থীদের একই ধরনের শেখার ফলাফলগুলির জন্য তাদের নিজস্ব পন্থাগুলো খুঁজতে সক্রিয় করেছিল।

### অ্যাক্টিভিটি 4: শিক্ষা প্রাপ্তির সুযোগে সাম্যের বিশ্লেষণ

সারণি 1 দেখুন, যেটা মিঃ শর্মার ডায়েরি থেকে নেওয়া হয়েছে, যেখানে তিনি তার বিদ্যালয়ের বৈচিত্র্যের ধারা এবং সেটা কীভাবে শিক্ষার্থীদের শেখার অভিজ্ঞতার সঙ্গে সংযুক্ত হতে পারে সে বিষয়ে চিন্তা ভাবনা করেছেন। মিঃ শর্মা বৈচিত্র্যের প্রসার, কতজন শিক্ষার্থী অন্তর্ভুক্ত ছিল, আর্টাইলস এবং অন্যান্য এর দিক থেকে কীভাবে অন্তর্ভুক্তির ওপর প্রভাব ফেলেছিল তা শনাক্ত করতে চেয়েছিলেন। শেখা একমাত্র বিদ্যালয়েই ঘটে না বুলে, তিনি এও ভেবেছিলেন যে কীভাবে শিক্ষার্থীদের বাড়ির অবস্থা তাদের শেখায় প্রভাব ফেলে। মিঃ শর্মা আপনার বিদ্যালয়ের উন্নতিতে বৈচিত্র্য সংক্রান্ত তথ্যের ব্যবহার ইউনিটে যে তথ্য সংগ্রহ করেছিলেন তা তার পরিকল্পনার জন্য ব্যবহার করেছিলেন।

সারণি 1 মি: শর্মা তাঁর বিদ্যালয়ে সাম্যের ওপর আলোকপাত করেছেন। (\*তপশীল জাতি/তপশীল উপজাতি\*)

A	B	C	D	E
#	বৈচিত্র্যের প্রকার	শিক্ষার্থীদের শতাংশ	বিদ্যালয় এবং বাড়ীতে শেখার উপলভ্যতা, গ্রহণযোগ্যতা, অংশগ্রহণ এবং কৃতিত্ব অর্জনের শতাংশের হিসাবে	কাজ, হস্তক্ষেপ অথবা কর্মীদের সহযোগিতা করতে হবে
1	ছেলে	80	90%: ছেলেরা তাদের উপার্জনের ক্ষমতা তৈরী করার জন্য বৃদ্ধি ও বিকাশের সুযোগ পায়, তারা প্রায়শই ক্লাসের সামনের দিকে বসে এবং পুরুষ শিক্ষকেরা তাদেরকে পছন্দ করেন	
2	মেয়ে	20	30%: মেয়েদের শিক্ষাকে বিনিয়োগ হিসাবে দেখা হয় না যা পরিবারকে বিনিয়োগে কিছু দিতে পারে; তারা সর্বদা উপস্থিত থাকে না এবং কাগজ ও কলমের মত উপকরণ নাও থাকতে পারে	
3	প্রতিবন্ধীদের শিক্ষাদান	3	20%: এইসব শিশুদের ওপর কাজ করার জন্য কৌশল নিয়ে শিক্ষকদের সাহায্য করার জন্য কোনো বিশেষজ্ঞ উপস্থিত নেই; বেশ দেরী না হওয়া পর্যন্ত অথবা পিতামাতারা অপ্রস্তুত অবস্থায় না পড়া পর্যন্ত তাদের সমস্যাগুলো সর্বদা প্রকট হয় না	
4	আর্থ-সামাজিক পরিসরে উপরের স্তর	15	60%: টিউশনের রূপে পরিবারগুলি সহায়তা কেনে; কিছু শিক্ষার্থী জানে যে তারা পরিবারের ব্যবসায় যোগ দেবে এবং তাই কম উদ্যম দেখা যায়; শিক্ষার্থীদের বাড়ীতে বই এবং কাগজ আছে এবং প্রযুক্তিও থাকতে পারে তাদের শেখায় সাহায্য করার জন্য	
5	আর্থ-সামাজিক পরিসরে নীচের স্তর	85	40%: পড়া এবং লেখার ক্ষেত্রে বাড়ী থেকে অত্যন্ত কম সহায়তা; মাঠে ও বাড়ীর কাজকর্মে সাহায্য করার আশা রাখা হয়; খারাপ উপস্থিতি; পিতামাতার দুর্বল সংশ্লিষ্টতা; শেখার সামগ্রী এবং সম্পদের অভাব	
6	শারীরিকভাবে প্রতিবন্ধী	2	30%: প্রতিবন্ধীদের জন্য শিক্ষকে একটা বিনিয়োগ হিসাবে দেখা হয় না যা পরিবারকে বিনিয়োগে কিছু দেবে; পাওয়ার ক্ষেত্রে সহায়তার জন্য বাস্তবিক পরিবেশে কোনো অভিযোজন করা হয় না; বিদ্যালয়ে যাওয়া এবং জনসমাজের অন্যান্য স্থানে যাওয়া কঠিন হয়	
7	বিদ্যালয়ে মুসলিম শিক্ষার্থী	10	50%: শিক্ষার গুরুত্ব আছে কিন্তু হাতের কাজ শেখা এবং ধর্মীয় শিক্ষার সাথে প্রতিযোগিতায় পড়তে হয়; ভাল ক্রী হওয়ার জন্য যতটুকু প্রয়োজন তার বেশী মেয়েদের শেখায় কম আগ্রহ দেখানো হয়	
8	হিন্দু	60	80%: মেয়েদের তুলনায় ছেলেরা সম্ভবত পরিবারের কাছে থেকে বেশী সহায়তা লাভ করে	
9	বঞ্চিত সম্প্রদায় (এসসি/এসটি)*	30	40%: বাড়ীতে কম সহায়তা পাওয়া; মাঠে ও বাড়ীর কাজকর্মে সাহায্য করার আশা রাখা; কম পুষ্টিসম্পন্ন এবং শক্তির অভাব; কম আত্মবিশ্বাস	

মিঃ শর্মার সারণি ব্যবহার করে, আপনার বিদ্যালয়ের জন্য আপনার শেখার দিনলিপিতে অনুরূপ সারণি তৈরী করুন (অথবা সম্পদ 2 এর টেম্পলেট ব্যবহার করুন)। বিদ্যালয়ের বিভিন্ন ক্ষেত্রে শিক্ষার্থীদের অভিজ্ঞতা এবং প্রাপ্তি সম্পর্কে বিস্তারিত ধারণা এবং দৃষ্টিভঙ্গি পেতে এটা উপকারী প্রমাণিত হতে পারে যদি এই অ্যাক্টিভিটিটি একদল কর্মীর সঙ্গে সম্পন্ন করা হয়।

আপনার বিদ্যালয়ে যেসব শিক্ষার্থীরা আসে তাদের বিভিন্ন ধরনের বৈচিত্র্য যা আপনি পর্যবেক্ষণ করেছেন বা *বৈচিত্র্যের ডাটা ব্যবহার করে আপনার বিদ্যালয়ের উন্নতি সাধন* ইউনিটের ডাটা বিশ্লেষণের মাধ্যমে চিহ্নিত করেছেন সেটা প্রথম কলামে তালিকাভুক্ত করুন। আপনি এরকম পরিস্থিতি ভেবে দেখতে পারেন:

- জাতিগত গোষ্ঠী
- সম্প্রদায়
- আর্থ-সামাজিক অবস্থান
- জাত
- লিঙ্গ
- ভাষা বা উপভাষা
- ধর্ম এবং বিশ্বাসের প্রথা
- পরিবারের লোকসংখ্যা এবং কাঠামো
- পরিবারের শিক্ষার ইতিহাস
- স্বাস্থ্য
- ভৌগোলিক অবস্থান।

যদি আপনি *আপনার বিদ্যালয়ের উন্নতির জন্য বৈচিত্র্যের ডাটা ব্যবহার করে* ইউনিটটি সম্পূর্ণ করে থাকেন, কলাম B এবং C সম্পূর্ণ করতে আপনি আপনার সংগ্রহ করা ডাটা ব্যবহার করতে পারেন, এবং কলাম D শুরু করতে পারেন। আপনি একটি চিত্র তৈরি করা শুরু করার জন্য অনুমান ব্যবহার করতে পারেন, কিন্তু আপনাকে এগুলো থেকে সিদ্ধান্তে উপনীত হওয়ার আগে সতর্ক থাকতে হবে যতক্ষণ পর্যন্ত না আপনি আরো অনুসন্ধান করেন।

কলাম ঘ আপনাকে ভাবতে শুরু করাতে যে কীভাবে বিভিন্ন গোষ্ঠী প্রাপ্ত করে, গৃহীত হয়, শিক্ষায় অংশগ্রহণ করে এবং অর্জন করে। এটা শুধুমাত্র একটা প্রাথমিক প্রতিক্রিয়া হবে এবং আপনাকে আপনার সহকর্মীদের সাথে সহযোগিতামূলকভাবে কাজ করতে হবে যাতে সময়ের সাথে এই বিষয়গুলো আরও সম্পূর্ণ রূপে শনাক্ত করা যায়।

কলাম E (যা মিঃ শর্মার টেম্পলেটের অন্তর্ভুক্ত হয়নি) আপনার বিদ্যালয়ে অন্তর্ভুক্তির সমস্যা সমাধানের পদক্ষেপগুলির বিষয়ে আপনাকে চিন্তা করা শুরু করতে সাহায্য করবে। এই চূড়ান্ত কলামটি আপনাকে যেকোন ধারণা সম্পর্কে নোট তৈরি করতে সাহায্য করবে যাতে আপনার শনাক্ত করা বিষয়গুলো নিয়ে ব্যবস্থা গ্রহণ করা যায়।

মিঃ শর্মা যে বিভাগগুলো ব্যবহার করেছেন সেগুলি তার বিদ্যালয় সম্পর্কিত। প্রত্যেকটি বিভাগ সম্পর্কে সর্বজনীনতা পেতে তিনি সংখ্যাগুরু এবং সংখ্যালঘুদের ক্ষেত্রগুলো বিবেচনা করেছেন। তিনি কেবল হিন্দু এবং মুসলিমদের আলাদা করে বেছে নিয়েছেন এবং কোন একটি পর্যায়ে হয়তো তিনি অন্যান্য ধর্মীয় গোষ্ঠীর চারিত্রিক বৈশিষ্ট্য বিবেচনা করবেন।

## আলোচনা

আপনি হয়তো মিঃ শর্মার তালিকা দেখেছেন, এবং অনুভব করেছেন যে মোটামুটি ভালো পরিবারের হিন্দু পুরুষ ছাত্রের শিক্ষা পাওয়ার সবচেয়ে ভালো সুযোগ আছে। এটা কি আপনার সারণীর সাথে মিলছে? এটা সম্ভবত স্পষ্ট হয়ে গিয়েছে যে ছাত্রী যদি অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণির, সংখ্যালঘু সম্প্রদায়ের, বা তপশীল উপজাতি বা শ্রেণির হয় তবে তার শিক্ষার সুযোগ কমে যায়। যদি তার কোন শারীরিক অক্ষমতা থাকে তবে সে হয়তো কখনও বিদ্যালয়ে যেতে পারবে না। এটা দ্বিগুণ বা তিনগুণ অসুবিধার ধারণার সূত্রপাত করেছে, এবং

যেসব শিক্ষার্থীরা এই ধরনের একাধিক শ্রেণিতে পড়ে তাদের সম্পর্কে সতর্ক থাকতে হবে।

আপনি এটা লক্ষ্য করতে আগ্রহী হতে পারেন যে মি: শর্মা খুব সহজেই মনে নেননি যে তাকে আপাতদৃষ্টিতে 'সুবিধাভোগী' গোষ্ঠীর জন্য উদ্বিগ্ন হতে হবে না – তিনি চতুর্থ দলের (উচ্চ আর্থ-সামাজিক অবস্থা সম্পন্ন) শিক্ষার্থীদের সম্পর্কে কী চিহ্নিত করেছেন তা লক্ষ্য করুন: তিনি উদ্বিগ্ন ছিলেন যে শিক্ষার্থীরা হয়তো শেখায় আগ্রহী হবে না, যা একজন শিক্ষকের কাছে উদ্বেগজনক। একই সময়ে, এই সারণী যা দেখায় না সেটা হল শিক্ষার্থীরা একাধিক গোষ্ঠীর অংশরূপে নিজেদের বিবেচনা করতে পারে – তাদের প্রোফাইলে বহুমুখীতা আছে। তাই এটা স্বীকার করা জরুরি যদি আপনি (উদাহরণ স্বরূপ) ছাত্রীদের একটা দলে রাখেন, এটা খুবই বৈচিত্র্যময় হবে, যেমন হবে সেই দলটি যার নির্দিষ্ট ধর্মীয় পরিচিতি থাকবে। একটা দলের মধ্যে ব্যক্তিদের এবং বিদ্যালয়ের শিক্ষায় তাদের সঠিক অবস্থান কী সেটা দেখা জরুরি।

খুব সম্ভবত আপনি এমন একটা বা দুটো বিষয় শনাক্ত করবেন যার শিক্ষার্থীদের শেখার ফলাফলে সবচেয়ে বেশী প্রভাব আছে এবং এগুলো আপনার অগ্রাধিকারের ক্ষেত্র হবে। এগুলো হয়তো আপনি *আপনার বিদ্যালয়ের উন্নতির জন্য বৈচিত্র্যের উপর তথ্য ব্যবহার করে* ইউনিটে ইতিমধ্যেই শনাক্ত করেছেন এবং এগুলি সমাধানের জন্য আপনার কর্মীদের সঙ্গে সহযোগিতামূলকভাবে একটি কৌশলগত পরিকল্পনা তৈরি করা শুরু করেছেন। প্রতিটি কাজ যে একটি বড় পদক্ষেপ হবে সেটা ভাববেন না; প্রথম দিকে আপনি হয়তো খুব সহজ বদল আনবেন, যেমন শ্রেণিকক্ষে বসার ব্যবস্থা।

তথ্য ব্যবহার এবং অগ্রাধিকারের ক্ষেত্র চিহ্নিত করে আপনি আপনার সহকর্মীদের সাথে সহযোগিতা শুরু করতে পারেন এটা বোঝার জন্য যে কীভাবে পাঠক্রমে, শিক্ষণ কৌশলে, সহায়ক পদ্ধতিতে বা শুধুমাত্র যেভাবে ছাত্র, শিক্ষক এবং সমাজের অন্যান্য প্রাপ্তবয়স্করা নিজেদের মধ্যে যোগাযোগ স্থাপন করে তাতে পরিবর্তন এনে শেখার আরো অন্তর্ভুক্তিমূলক পরিবেশ তৈরি করা যায়।

## 4 অন্যদের সাথে সহযোগিতার ভিত্তিতে আরো অন্তর্ভুক্তিমূলক শিক্ষার পরিবেশ তৈরি করা

মনোভাবের, আচরণের এবং পদ্ধতির পরিবর্তনকে আরো অন্তর্ভুক্তিমূলক করতে সময় লাগে এবং শিক্ষার্থীদের শেখার উন্নতির জন্য কেন সেরকম পরিবর্তনগুলো জরুরি তা জানতে একটি অবিচলিত মনোযোগের দরকার হয়। নেতৃত্ব হিসাবে, আপনার হয়তো নিজের দৃষ্টিভঙ্গির পরিবর্তন হচ্ছে এবং আরো অন্তর্ভুক্তিমূলক মনোভাব এবং আচরণ তৈরি হচ্ছে, কিন্তু আপনার সহকর্মীদের আরো অন্তর্ভুক্তিমূলক করা তখনই সম্ভব হবে যখন তাদের ব্যক্তিগত স্তরে ক্ষমতা প্রদান করা করা হবে যাতে তারা নিজেদের কাজের ফলাফল সম্পর্কে চিন্তা করতে পারে, অন্যেরা কী করছে সেটা শুনতে পারে এবং নিজেদের ভাবনাকে ভাগ করে নিতে পারে। অন্তর্ভুক্তি শিক্ষণের ফলাফলকে উন্নত করার ক্ষেত্রে সাফল্য লাভ করবে যদি সেটা পুরো বিদ্যালয়ের ক্ষেত্রে একই থাকে এবং শিক্ষার্থীদের অভিজ্ঞতার প্রতিটি ক্ষেত্রে নিহিত থাকে। সুতরাং এটা জরুরি সব সহকর্মীকে পরিকল্পনার প্রক্রিয়ায় এবং কাজ করার ব্যাপারে সহযোগিতামূলকভাবে অন্তর্ভুক্ত হতে হবে।

এখন মিসেস মেনন এর গল্প পড়ুন, বিদ্যালয়ের একজন নেত্রী, যিনি তার বিদ্যালয়ে সমতা, বৈচিত্র্য এবং অন্তর্ভুক্তির কার্যক্রমের শুরু করতে বাধ্য হয়েছেন।

### কেস স্টাডি 1: মিসেস মেনন এর সহকর্মীদের মিটিং

মিসেস মেনন যিনি একটি প্রাথমিক বিদ্যালয়ের অধ্যক্ষ, অর্থনৈতিকভাবে দুর্বল পরিবারের শিক্ষার্থীদের জন্য শতকরা 25 ভাগ সংরক্ষণ সম্পর্কিত একটি আদেশ পেয়েছেন। তিনি এবং তার সহকর্মীরা মনে করেছেন যে আর্থ-সামাজিকভাবে দুর্বল শ্রেণির নতুন শিক্ষার্থীদের

25 শতাংশকে জোর করে তাদের বিদ্যালয়ে চাপিয়ে দেওয়া যাবে না। যদিও আদেশনামাটি একটি সার্কুলার রূপে এসেছে যা উনি অবজ্ঞা করতে পারবেন না। তাঁর বোর্ডের কাছে খবরটি তাঁকে দিতে হবে। তাঁরা তাঁকে জিজ্ঞাসা করবে উনি কীভাবে ব্যাপারটি করবেন। এটা শুক্রবার ছিল, এবং তাঁর কাছে কোন পরিকল্পনা ছিল না।

যখন তিনি বাড়ি যাওয়ার জন্য বাসে উঠেছেন তার আগেই, মিসেস মেনন তাঁর সহকর্মীদের সার্কুলারের প্রতিলিপি পাঠিয়ে দিয়েছেন এবং একটি নোটের মাধ্যমে অনুরোধ করেছেন যাতে এই বিষয়ে মিটিং এর জন্য সোমবারে বিদ্যালয়ের পরে তারা থেকে যান। তিনি একই রকম নোট অ-শিক্ষক এবং অফিসের কর্মচারীদেরও পাঠিয়েছেন। তিনি তার অফিসের আলমারি থেকে ন্যাশনাল কারিকুলাম ফ্রেমওয়ার্ক এবং RtE এর কপি নিয়েছেন। তিনি সপ্তাহান্তে এগুলো পড়বেন এবং মিটিং এর জন্য তৈরি হবেন, যা ঝড় তুলতে পারে।

সপ্তাহান্তের শেষে একজন ভিন্ন মিসেস মেনন বিদ্যালয়ে প্রবেশ করলেন। যদিও সোমবার তিনি নিয়মিতভাবে বিদ্যালয়ের চারপাশে হেঁটে বেড়ান, এই বার তিনি বিশেষ কিছু খুঁজে বেড়াচ্ছিলেন। একটি শ্রেণি নিরীক্ষণের সময় তিনি শিক্ষার্থীদের প্রচুর প্রশ্ন করছিলেন সাধারণত তার ঘোরার সময় জিজ্ঞাসা করেন তার তুলনায় অন্যরকম ছিল। তারপর তিনি যখন তাদের খাতা দেখছিলেন, তিনি শিক্ষণ সংক্রান্ত সম্পদের ব্যাপারে খোঁজ নিচ্ছিলেন এবং শিক্ষার্থীরা কী লিখেছে তার থেকে নজর বেশি ছিল তাদের বিষয়বস্তু সম্পর্কে।

সেই বিকালে, মিসেস মেনন নতুনভাবে মিটিং শুরু করলেন। তিনি তাঁর শিক্ষকদের দল হিসাবে বসতে বললেন। তারপরে প্রত্যেক দলে একজন বা দুইজন করে অ-শিক্ষক কর্মচারী যোগ দিলেন। তিনি তাদের বললেন তিনি NCF থেকে কিছু অংশ পড়বেন যাতে সামাজিক পরিবর্তন আনার ক্ষেত্রে শিক্ষকদের দায়িত্ব বলা আছে। তিনি প্রাসঙ্গিক অংশের ফটোকপি করিয়েছেন এবং প্রত্যেক দলকে তা ধরিয়ে দিলেন। পড়ার শেষে, তিনি বললেন:

শুক্রবার পর্যন্ত, আমি ভাবছিলাম যে আমরা সমাজে মানানসই হওয়ার জন্য আমাদের শিশুদের সাহায্য করা দরকার। কিন্তু সপ্তাহের শেষে, আমি প্রথমবারের জন্য NCF সঠিকভাবে পড়ে বোঝার চেষ্টা করলাম এই সার্কুলার কোথা থেকে এসেছে। NCF প্রত্যাশা করে যে, শিক্ষক হিসাবে, আমাদের অসাম্যের এবং ভারসাম্যহীনতার সমস্যার সাথে মোকাবিলা করতে হবে যা আমরা জানি যে আমাদের সমাজে বিদ্যমান। এটা আমাদের কাছে প্রত্যাশা যে আমরা শিক্ষার্থীদের এমনভাবে তৈরি করব যাতে আমাদের দেশ এই সমস্যাগুলো থেকে মুক্ত হয়। আমরা সরকারের কাছ থেকে একটা সার্কুলার পেয়েছি যেটা আমাদের মনোভাব পরিবর্তন করার সুযোগ দেয়। আমি চাই প্রত্যেক দলের সবাইকে জানাতে আমরা কীভাবে ইতিবাচক উপায়ে এই সার্কুলারের জবাব দিতে পারি। আমাদের এই বিদ্যালয়কে দেশের মধ্যে সাম্য আনার ক্ষেত্রে একটি জীবন্ত উদাহরণ হিসাবে তুলে ধরতে হবে। প্রত্যেক দলের দায়িত্ব হল একটি কৌশল নিয়ে এগিয়ে আসা যাতে আমরা সুনিশ্চিত করতে পারি যে নতুন শিক্ষার্থীদের অন্যান্য শিক্ষার্থীরা গ্রহণ করে নেবে যেমন তারা প্রতি বছর নতুন শিক্ষার্থীদের গ্রহণ করে। কোন রকম পক্ষপাত ছাড়াই! আপনারা কি এই চ্যালেঞ্জ গ্রহণ করতে পারবেন?

স্টাফ রুম নিশ্চুপ হয়ে গেল। তখন একজন শিক্ষক বললেন, ‘হ্যাঁ, ম্যাডাম, আমরা এই চ্যালেঞ্জ নিতে প্রস্তুত।’ এবং তারপর সবাই কাজে লেগে গেল।

মিসেস মেনন এক দল থেকে আর এক দলে ঘুরতে লাগলেন, মনোযোগ সহকারে তাদের আলোচনা শুনছিলেন, যে শিক্ষকরা উদ্যমের

সাথে কথা বলছিলেন তাদের লক্ষ্য করছিলেন। তিনি জানতেন তারাই তার ভবিষ্যতের চ্যাম্পিয়ন এবং প্রায়ই বক্তব্য প্রকাশের জন্য তাদের তাঁর প্রয়োজন হবে। মিটিং এর শেষে, বোর্ডের প্রশ্নের উত্তর দেওয়ার জন্য মিসেস মেননের কাছে যথেষ্ট কৌশল ছিল। তাঁর স্টাফ মিটিং পরিচালনার ধরন পাল্টে মিসেস মেনন তাঁর সহকর্মীদের সমস্যা এবং সমাধানের সঙ্গে জড়িত করলেন, অন্তর্নিহিতভাবে একটি অন্তর্ভুক্তিমূলক পদ্ধতির নমুনা স্থাপন করলেন এবং একই সাথে প্রচুর কৌশল পেলেন যা তিনি কখনই নিজে চিন্তা করতে পারতেন না।

## অ্যাক্টিভিটি 5: নতুন উপায় খোঁজার ক্ষেত্রে সহযোগিতা

নিম্নলিখিত প্রশ্নগুলোকে বিবেচনা করে আপনার শেখার দিনলিপির কেস স্টাডি 1 এর বিষয়ে চিন্তা করুন:

- সার্কুলারে তুলে ধরা বিষয়গুলো সম্পর্কে মিসেস মেনন এর নিজের মনোভাবের মধ্যে একটি লক্ষণীয় পরিবর্তন এসেছে। বিবেচনা করুন এই পরিবর্তন প্ররোচিত করতে তিনি সপ্তাহের শেষে কী করেছিলেন। আপনার কি মনে হয় এই পরিবর্তন আনা তার পক্ষে কতটা সহজ বা কঠিন ছিল? ওই পরিস্থিতিতে অন্যদের তাদের মনোভাবে পরিবর্তন আনার ক্ষেত্রে কী কী বিষয় বাধা সৃষ্টি করতে পারে?
- ওই মিটিং এ উপস্থিত সহকর্মীদের বলা হয়েছে যে তারা যেন তাদের মনোভাবে যথেষ্ট পরিবর্তন আনেন। এটা করার জন্য তাঁদেরকে কী সাহায্য করেছে? যদি আপনি একই পরিস্থিতিতে থাকতেন, তবে সহকর্মীদের দৃষ্টিভঙ্গি বদলাবার গুরুত্ব বোঝানোর জন্য আপনি কোন ধরনের যুক্তি বা সম্পদের সাহায্য নিতেন?
- মিসেস মেনন তার সহকর্মীদের প্রত্যেক সদস্যকে একসাথে কাজ করার জন্য সক্ষম করতে মিটিং এ কী পদক্ষেপ ব্যবহার করেছেন?
- আপনি এই কেস স্টাডি থেকে কী শিখেছেন যা আপনাকে একই রকম পরিস্থিতিতে সাহায্য করবে?

### আলোচনা

আপনি লক্ষ্য করে থাকবেন যে যদিও মিসেস মেননের অন্য গোষ্ঠীর শিক্ষার্থীদের নিজের বিদ্যালয়ে অন্তর্ভুক্ত করতে আপত্তি ছিল, তবে তিনি চ্যালেঞ্জ গ্রহণ করেছিলেন এবং একটি ইতিবাচক মনোভাব নিয়েছিলেন। তিনি উপলব্ধি করলেন যে এই নতুন শিক্ষার্থীদের সাফল্যের সাথে খাপ খাওয়াতে গেলে বিদ্যালয়ে তাদের আগমন এবং অন্তর্ভুক্তির জন্য তাকে প্রস্তুতি নিতে হবে।

আমাদের বলা হয়নি মিসেস মেনন সপ্তাহান্তে কী করেছেন যা তার নিজের দৃষ্টিভঙ্গিতে পরিবর্তন এনেছে, কিন্তু আমরা জানি তিনি সরকারি নথির পরামর্শ নিয়েছেন। সম্ভাবনা কম যে এটাই মনোভাবের পরিবর্তন করেছে, কিন্তু এটাও তার কাছে সুস্পষ্ট হয়েছে যে তাকে সমস্যাগুলো দেখতে এবং সমাধান করতে হবে। যদিও, আমরা জানি যে শিক্ষার্থীদের কৃতিত্ব ও অংশগ্রহণের কথা মনে রেখে, মিসেস মেনন নিজের ধারণা পরিবর্তন করতে প্রস্তুত ছিলেন। সবার কাছে এটা সহজ নয়, এবং আপনার বিদ্যালয়ে এমন সহকর্মী থাকতে পারেন যারা চেতন বা অবচেতনভাবে বিকল্প দৃষ্টিভঙ্গি অথবা চিন্তা ভাবনার ধারার বিরোধিতা করে। এই বিশেষ কেস স্টাডিতে একটি বাহ্যিক বিষয় পরিবর্তন চালনা করছিল এবং খুব কম সময় ছিল যা মিসেস মেননকে নিজের মনোভাব খুব তাড়াতাড়ি পরিবর্তন করতে বাধ্য করেছিল। যদিও, খুব সম্ভবত আপনার বিষয় চিহ্নিত করে এবং তার সমাধান করতে অনেক সময় লাগতে পারে, যাতে আপনি ধীরে ধীরে পরিবর্তন এবং চিন্তা ভাবনার বদল আনতে পারেন, সহকর্মী যাদের এই পরিবর্তনে অসুবিধা হচ্ছে তাঁদের মনোভাব বদলাতে পারেন।

আমরা অনুমান করতে পারি যে মিসেস মেনন জানতেন তাঁর পক্ষে তাঁর সহকর্মীদের মনোভাব এত কম সময়ে বদলাতে অসুবিধা হতে পারে, তাই তিনি তাঁর সহকর্মীদের কাছে পরিষ্কার ছিলেন তাঁদের কাছ থেকে তিনি কী চান এবং তিনি তাঁর সহযোগী খুঁজে নিয়েছিলেন। সব গবেষণা পরিষ্কারভাবে জানায় যে বিদ্যালয়ের নেতৃত্বের শিক্ষার লক্ষ্য সম্পর্কে পরিষ্কার ধারণা থাকতে হবে এবং তাঁদের লক্ষ্য কিছু

ব্যক্তির পরীক্ষার ফলাফলের থেকে প্রসারিত করে সবার জন্য অন্তর্ভুক্তিমূলক শিক্ষার সুযোগ করার মাধ্যমে একজন নেতৃত্ব, এমন একটি বিদ্যালয় তৈরি করবেন যেখানে সব শিক্ষার্থী এবং শিক্ষক সাম্য এবং সম্পর্কে মূল্য দেবে।

আপনি কি লক্ষ্য করেছেন যে মিসেস মেনন তার সহকর্মীদের বলেছেন ‘কোন রকম পক্ষপাতিত্ব ছাড়া’ এইসব নতুন শিক্ষার্থীদের গ্রহণ করতে? এটা একটা প্রধান অনুরোধ। আমাদের সবার পক্ষপাতিত্ব আছে – কখনো সেটা খারাপ অভিজ্ঞতার জন্য, কিন্তু বেশির ভাগ সময় এর ভিত্তি বাস্তব সাম্য প্রমাণের উপর থাকে না। এটা জরুরি যে সর্বদা আমাদের পক্ষপাতের ভিত্তি পরীক্ষা করে দেখতে হবে এর বৈধতাকে প্রশ্ন করার জন্য। জাতিগত গোষ্ঠীর, মহিলা এবং শারীরিকভাবে প্রতিবন্ধী ব্যক্তির বিরুদ্ধে পক্ষপাত দুর্ভাগ্যবশত খুবই সাধারণ, কিন্তু বিদ্যালয় হল এমন একটা জায়গা যেখানে এই পক্ষপাত বৈধভাবে গ্রহণযোগ্য নয়। মিসেস মেনন তার বিদ্যালয়ে পক্ষপাতদুষ্ট যে মনোভাব আছে বলে সন্দেহ করেছিলেন সেগুলোর তিনি সরাসরি মোকাবিলা করেছেন, এবং পক্ষপাতের মোকাবিলা এবং পুনঃ মূল্যায়নের নিজের উদাহরণকে সামনে রেখে নেতৃত্ব দিয়েছেন।

আপনি এটা লক্ষ্য করে থাকবেন, নেতৃত্ব হিসাবে, মিসেস মেনন উপলব্ধি করেছেন যে তাকে সব ‘সমস্যা’ একা শনাক্ত করতে হবে না: তিনি বিদ্যালয়ের সম্পদ - ধারণা এবং দক্ষতা- ব্যবহার করে সাহায্য করেছেন যাতে বিদ্যালয়ের জনগোষ্ঠী একসাথে বাধা অতিক্রম করতে পারে। এবং আপনি এটাও লক্ষ্য করবেন যে তিনি জনগোষ্ঠীর সব সদস্যকে এতে অন্তর্ভুক্ত করেছেন। শিক্ষক হিসাবে এটা আমাদের কাছে খুবই সহজ ‘অ-শিক্ষক’ কর্মচারীদের বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণ করা: তারা হয়তো ‘পড়ায়’ না, কিন্তু শিক্ষার্থীদের সাথে যারাই যোগাযোগ করে তারাই বিদ্যালয়ের সমাজের মধ্যে অন্তর্ভুক্তির সুর স্থাপন করার একটি গুরুত্বপূর্ণ অংশীদার। সুতরাং, তারা খুব মূল্যবান দৃষ্টিভঙ্গি পেশ করে যা শিক্ষক সহকর্মীদের দৃষ্টিভঙ্গির পরিপূরক।

তাঁর সহকর্মীদের অগ্রাধিকারপ্রাপ্ত শিক্ষার্থী দলের বিষয়ে আলোচনা করতে দিয়ে এবং এইসব শিক্ষার্থীরা যাতে তাদের সম্পূর্ণ সম্ভাবনা অর্জন করতে পারে তা নিশ্চিত করতে তারা একসাথে যে ব্যবস্থাগুলি নিতে পারে বা নেবে সে বিষয়ে ভাবার পরে, মিসেস মেনন এবং তার সহকর্মীদের এবার পরিকল্পনা করতে হবে যে কীভাবে এই পরিবর্তনগুলো কার্যে পরিণত করা যায়। এই পরিবর্তনগুলো প্রসঙ্গ এবং ছাত্র নির্দিষ্ট হবে।



## ভিডিও: বিদ্যালয় নেতৃত্ব – অন্তর্ভুক্তি

### অ্যাক্টিভিটি 6: কার্যকরী পরিকল্পনার ভিত্তিরেখা

অ্যাক্টিভিটি 5 এ মিঃ শর্মা লক্ষ্য করেছেন যে, পক্ষপাতের লক্ষ্যবস্তু হওয়ার সঙ্গে সঙ্গে সংখ্যালঘু সম্প্রদায় যাদের শিক্ষা এবং সচেতনতা কম এবং অর্থনৈতিকভাবে দুর্বল সেই মহিলা শিক্ষার্থীদের সুযোগও কম। এই উদাহরণটি ব্যবহার করুন বা একটি অগ্রাধিকারের ক্ষেত্র বেছে নিন যেটা আপনি আপনার বিদ্যালয়ে অন্তর্ভুক্তিকরণের জন্য শনাক্ত করেছেন এবং চিন্তা করুন তাদের চাহিদা মেটানোর জন্য কী পদক্ষেপ নেওয়া যায়। অ্যাক্টিভিটি 6 এ আপনি এটা নিয়ে চিন্তা শুরু করতে পারেন, কিন্তু এখন সময় হচ্ছে আরো মজবুত এবং নির্দিষ্ট কার্য পরিকল্পনা তৈরি করা। আপনার উপলব্ধি ভাগাভাগির জন্য এবং যথাযথ পদক্ষেপে সহযোগিতা করার জন্য আপনি হয়তো আপনার অন্য সহকর্মীর সাথে কাজ করতে চাইবেন। নিম্নলিখিতগুলি করা বিবেচনা করলে সেটা আপনাকে সাহায্য করতে পারে।

আপনার বিদ্যালয়ে বিভিন্ন সংখ্যালঘু সম্প্রদায়ের অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণির মেয়েদের শনাক্ত করুন (বা আপনার নির্বাচিত অগ্রাধিকার থেকে শিক্ষার্থীদের)। শিক্ষার্থী, তাদের শ্রেণি, নেওয়া বিষয়, পরিবার এবং সামাজিক-সাংস্কৃতিক পটভূমি, এবং উপস্থিতি এবং প্রতিটি বিষয়ে পাওয়া গ্রেড শনাক্ত করুন। যদি আপনাকে অনেক শিক্ষার্থীদের উপর মনোনিবেশ করতে হয়, তবে আপনি ছয় থেকে দশ জন শিক্ষার্থীকে নিয়ে কেস স্টাডির দল বাছুন, যাতে তারা কী সমস্যার মুখোমুখি হচ্ছে তা সম্বন্ধে একটা ধারণা পেতে পারেন।

- অন্তর্ভুক্তির চারটি মাত্রার বিষয়ে বিবেচনা করুন (প্রাপ্তির সুযোগ, গ্রহণ, অংশগ্রহণ এবং কৃতিত্ব অর্জন) এটা মূল্যায়ন করতে যে কোন নির্দিষ্ট পন্থায় শিক্ষার্থীরা বর্জন এবং প্রতিকূলতার অভিজ্ঞতা লাভ করে।
- আপনার ব্যস্ত সময়সূচী থেকে কিছু সময় বের করে এই শিক্ষার্থীদের সাথে কিছু পাঠ নিয়ে বসুন। ওদের কখনোই নিজের মনোযোগের কেন্দ্রবিন্দু করবেন না, কিন্তু লক্ষ্য রাখবেন তারা কীভাবে পড়াশুনা করছে। নিজেকে জিজ্ঞাসা করুন: তারা কি অংশগ্রহণ করছে? তাদের সক্রিয় অংশগ্রহণে কী কী বাধা হতে পারে? অংশগ্রহণের জন্য তাদের কীভাবে আরো বেশি করে শিক্ষা-শেখার প্রক্রিয়ায় স্বতন্ত্রভাবে সহায়তা করা যায়?
- আপনি হয়তো তাদের পটভূমি এবং বাড়ির অবস্থা আরো সার্বিকভাবে বুঝতে চাইবেন। এই সব শিক্ষার্থীদের বাবা মা-র সাথে সাক্ষাৎ করার কথা চিন্তা করুন। তাদের কেউ কি আপনার সঙ্গে সাক্ষাৎ করে তাদের সন্তানের ব্যাপারে, বা সন্তান বিদ্যালয়ে কী অসুবিধার সম্মুখীন হচ্ছে তার ব্যাপারে কথা বলেছেন? তাদের সন্তানের জন্য তারা কী পন্দ করবেন? তারা বাড়িতে শেখার ব্যাপারে কী সহায়তা বা শেখা সম্পর্কে কী অভিজ্ঞতা লাভ করে?
- শিক্ষার্থীদের সঙ্গে তাদের বিদ্যালয়ের অভিজ্ঞতা এবং শিক্ষার ব্যাপারে কথা বলার ব্যবস্থা করুন। আপনাকে সতর্কতার সাথে দেখতে হবে যে এটা একক না দলগতভাবে করলে ভালো হয় এবং আপনাকে সুনিশ্চিত করতে হবে, তারা যেন নিরুদ্বিগ্ন থাকে আর আপনার প্রতিক্রিয়ার অথবা তারা যা নির্দিষ্ট করে বলেছে তা যেন অন্যরা জানতে পেরে যাবে এই ভেবে ভয় না পেয়ে যেন খোলাখুলিভাবে কথা বলে। যদিও, এটা জরুরি যে আপনি শিক্ষার্থীদের কাছ থেকে সরাসরি শুনবেন, কারণ যে নির্দিষ্ট অসুবিধার সম্মুখীন সে সেই ব্যাপারে ভালো জানে এবং আপনাকে তারাই বলতে পারবে কোন ধরনের হস্তক্ষেপ এখানে কাজ করবে।

### আলোচনা

প্রত্যেকটি ছাত্রের ব্যক্তিগত শিক্ষার রূপরেখার জন্য আপনি একটি ভিত্তি রেখা তৈরি করছেন। যদিও শিক্ষার্থীদের কিছু সাধারণ বিষয় একই থাকবে, এটা খুবই জরুরি তাদের যেন শুধুমাত্র 'সমষ্টি' হিসাবে গণ্য না করা হয়। প্রত্যেকেরই অন্য কারণ থাকতে পারে যা তাদের শেখার ওপর প্রভাব ফেলে; আলাদা ব্যক্তিত্ব তাদের শেখার জন্য প্রস্তুত অবস্থা এবং সহনশীলতার ওপরও প্রভাব বিস্তার করে। আপনি তাহলে কোন একটি সমাধান খুঁজবেন না যা তাদের প্রয়োজন মেটাতে এবং তাদের শেখার উন্নতির জন্য দরকার, যদিও একই রকম বিষয় থাকতে পারে যার সমাধান একক হস্তক্ষেপের মাধ্যমে করা যেতে পারে।

আপনার বিদ্যালয়ে কোন একটি বিশেষ অন্তর্ভুক্তির সমস্যা নিয়ে বিশদভাবে ভাবার পরে, আপনি সম্ভবত সম্যকভাবে বুঝতে পেরেছেন যে শনাক্ত করা শিক্ষার্থীদের তাদের সম্ভাবনা অর্জন করতে কী বাধা দিচ্ছে এবং ইতিমধ্যেই কোন নির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করতে হবে সেগুলি শনাক্ত করে ফেলেছেন। আরো বেশী করে অন্তর্ভুক্তিমূলক শেখার পরিবেশ সৃষ্টি করার জন্য হস্তক্ষেপ অথবা কাজ আপনার পরিস্থিতির জন্য বেশ নির্দিষ্ট হবে কিন্তু তাতে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত হতে পারে:

- শিক্ষার্থী এবং শিক্ষকদের মধ্যে কীভাবে একটি আরও দৃঢ় সহযোগিতার মনোভাব সৃষ্টি করা যায় তা বিবেচনা করা। এর মধ্যে থাকতে পারে শিক্ষার্থীদের যদি সমস্যা থাকে তবে তাঁদেরকে কথা বলার জন্য ক্ষমতা প্রদান করা – যা কর্মীকে বুঝতে সাহায্য করবে যে শিক্ষার্থীদের শেখা সম্পর্কে মনোভাব কী – অথবা শিক্ষকদের মতামত জানার জন্য আরও বেশী সক্রিয় হতে হবে যে শিক্ষার্থীরা শেখা কেমন চলছে সে সম্পর্কে কেমন অনুভব করছে।
- যাতে শিক্ষার্থীরা তাদের শেখায় নেতিবাচক প্রভাব ফেলছে এমন ব্যক্তিগত পরিবেশের বিষয়ে আলোচনা করতে পারে সেই বিষয়ে তাদের সক্ষম করতে পদ্ধতির বিকাশ করা।
- শিক্ষার্থীদের সম্পূর্ণভাবে এবং কার্যকরীভাবে শিখতে সক্ষম করতে শিক্ষা প্রদানের পদ্ধতি, শিক্ষার সম্পদ অথবা মূল্যায়নের পদ্ধতিগুলি পরিবর্তন করা।

- যাতে শিক্ষার্থীরা নিরাপদ, সহায়তা প্রাপ্ত এবং সফল হওয়ার জন্য সর্বাধিক সুযোগ প্রাপ্ত অনুভব করতে পারে নিশ্চিত করতে বিদ্যালয়ের পরিবেশের বা প্রণালীর পরিবর্তন করা।
- সার্বিকভাবে বিদ্যালয়ের সংস্কৃতিতে নেতিবাচক প্রভাব ফেলে এমন নির্দিষ্ট মনোভাব এবং আচরণের জন্য ব্যবস্থা গ্রহণ করা। এটা প্রকাশ করা যেতে পারে কাজের মাধ্যমে, কীভাবে শিক্ষার্থীদের উল্লেখ করা হয় অথবা তাদের বিষয়ে কথা বলা হয় (উদাহরণস্বরূপ, যদি আর্থ-সামাজিকভাবে বঞ্চিত শিক্ষার্থীদের সাফল্যের অভাবকে উন্নত করার উচ্চাকাঙ্ক্ষার কোনো অনুভূতি ছাড়াই সর্বদা স্বাভাবিক বলে মেনে নেওয়া হয়), অথবা কিছু জিনিস যা আপাতদৃষ্টিতে ছোট যেমন কীভাবে পুরস্কার বা স্বীকৃতি দেওয়া হয় (উদাহরণস্বরূপ, যদি শুধুমাত্র খেলার জন্য বিদ্যালয়ের পুরস্কারগুলি দেওয়া হয় এবং তা সর্বদা পুরুষ শিক্ষার্থীদেরকে দেওয়া হয়)।

## অ্যাক্টিভিটি 7: অন্তর্ভুক্তির প্রবর্তন করতে একটা কৌশলগত পরিকল্পনা তৈরী করা

এখন আপনি 'সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত অর্থনৈতিকভাবে দুর্বল অংশ থেকে আসা মহিলা শিক্ষার্থী যাদের শিক্ষা এবং সচেতনতার সুযোগ কম এবং তৎসহ যারা পক্ষপাতিত্বের শিকার', এর একই উদাহরণ দিয়ে অথবা আপনি আপনার বিদ্যালয়ের জন্য যে বিকল্প দল চিহ্নিত করেছেন তার সাহায্যে একটা পরিকল্পনা তৈরী করবেন।

- বিভিন্ন শ্রেণি থেকে শিক্ষার্থীদের চিহ্নিত করতে শিক্ষকদের ভূমিকা প্রদান করুন। পরিকল্পনা করার উদ্দেশ্যে কোন কোন তথ্য সংগ্রহ করতে হবে সেই সংক্রান্ত আলোচনা করুন। এছাড়াও নির্দিষ্ট করুন যে এটা কীভাবে সংগ্রহ করা হবে (উদাহরণস্বরূপ, কথা বলার মাধ্যমে, পর্যবেক্ষণের মাধ্যমে, পিতামাতা অথবা অন্যদের থেকে), এবং এটা কীভাবে নথিভুক্ত করা হবে।
- আপনি এবং আপনার কর্মী সংগ্রহ করেছেন এমন তথ্যের অধ্যয়ন করুন এবং আপনার সমষ্টিগত দর্শনকে শনাক্ত করুন যে কীভাবে ছাত্রীদের শিক্ষার ফলাফল পরবর্তী কার্যকাল এবং বছরে আলাদা হবে।
- এই সকল শিক্ষার্থীদের নিয়ে কাজ করার একটি কৌশলের বিকাশ করুন যেটাতে সমজাতিক দল হিসাবে নয় বরং প্রত্যেকের সঙ্গে স্বতন্ত্রভাবে কাজ করা হবে, যাতে তাদের পিতামাতাকে এবং আপনার কর্মীদের এই উদ্দেশ্য অর্জনের জন্য জড়িত করতে হবে। এমন কি অন্য কোনো ব্যক্তির আছেন যারা আপনাকে পরামর্শ দিয়ে সাহায্য করতে পারেন?
- দক্ষতা, মনোভাব এবং ছাত্রী, পিতামাতা এবং কর্মীদের প্রেরণার ক্ষেত্রে আপনার লক্ষ্য অর্জনের পথে বাধাগুলিকে শনাক্ত করুন।
- প্রয়োজনীয় দক্ষতা, মনোভাব এবং প্রেরণা কীভাবে তৈরী করা যায় তা শনাক্ত করুন (উদাহরণস্বরূপ, প্রশিক্ষণ অথবা কোচিং) এবং দরকার থাকতে পারে এমন কোনো সম্পদের বন্দোবস্ত করুন।
- অগ্রগতি পর্যবেক্ষণ করার জন্য একটি সময়সূচী তৈরী করুন এবং শেষে ফলাফলগুলো মূল্যায়ন করার বিষয়ে সম্মত হন।
- জড়িত ব্যক্তিদের সাথে সময়ে সময়ে বৈঠকের আয়োজন করুন যাতে অগ্রগতি নিয়ে আলোচনা, মতামত দেওয়া এবং গৃহীত কৌশলের পর্যালোচনা করা যায়।

এটা এমন কোনো অ্যাক্টিভিটি নয় যা আপনি একা করতে পারেন। সমগ্র-বিদ্যালয় মূলক পদ্ধতি নিশ্চিত করতে অন্যদেরকেও আপনার দলে অংশগ্রহণ করাতে হবে। আপনি উদ্দিষ্ট শিক্ষার্থী, অথবা যদি আপনার কাছে থাকে তাহলে একটি শিক্ষার্থী কাউন্সিলের মত সংগঠনকেও জড়িত করার কথা বিবেচনা করতে পারেন। আপনি কোনো সম্প্রদায়ভুক্ত দলের পরামর্শ বা বিশেষ জ্ঞান ব্যবহার করতে পারেন, যারা কোনো নির্দিষ্ট দলের সাথে সম্পর্কিত বিষয়গুলি বোঝেন, তার ফলে সম্প্রদায়টি জড়িত করতে পারেন।

## 5 প্রভাব মূল্যায়ন

আপনার বিদ্যালয়ে সাম্যের জন্য আপনাকে যে ধরনের সমস্যারই মোকাবিলা করতে হোক না কেন, কোনো পরিকল্পনা করার আগে আপনাকে আপনার শুরুর জন্য একটা ভিত্তিরেখা তৈরী করতে হবে। এই ভিত্তিরেখা হল অবস্থার একটা সং, তথ্যমূলক মূল্যায়ন যা যে অসাম্যের আপনি মোকাবিলা করতে চলেছেন তার ব্যাপ্তি এবং বৈশিষ্ট্যাবলীর পরিমাণ নির্দিষ্ট করবে। আপনার হস্তক্ষেপের প্রভাব এবং সম্পদের বণ্টন মূল্যায়ন করার জন্য আপনি তখন আপনার অগ্রগতির দিকে লক্ষ্য রাখতে পারেন কারণ আপনার ভিত্তিরেখা থেকে অবস্থাটার কতটা পরিবর্তন হল তা প্রদর্শন করতে আপনি সক্ষম হবেন।

আপনার কাজগুলির প্রভাব মূল্যায়ন করা দু'ভাবে করতে হবে: তথ্য মূল্যায়ন (যাতে অন্তর্ভুক্ত থাকবে উপস্থিতি এবং সাফল্যের ফলাফল) এবং দলের অভিজ্ঞতাগুলির ওপরে তথ্য। উদাহরণস্বরূপ, যদি আমরা 'সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত অর্থনৈতিকভাবে দুর্বল অংশ থেকে আসা মহিলা শিক্ষার্থী যাদের শিক্ষা এবং সচেতনতার সুযোগ কম এবং তৎসহ যারা পক্ষপাতিত্বের শিকার' এর উদাহরণ ব্যবহার করি তবে

আপনি দেখতে পারেন যদি কথা শুনতে শুনতে ছাত্রীরা বেশী করে কথা বলতে শুরু করে, সম্মান পেতে পেতে বেশী করে মান অনুভব করে এবং তথ্য বিশ্লেষণের মাধ্যমে তারা তাদের শিক্ষাগত কৃতিত্ব অর্জনের ক্ষেত্রে উন্নতি করেছে।

ভাবুন যে কীভাবে আপনি আপনার প্রমাণ একটা অন্তর্ভুক্তিমূলক পন্থায় সংগ্রহ করতে পারেন। আপনি বিবেচনা করতে পারেন যে শিক্ষার্থীরা নিজেদের মধ্যে কথা বলুক, অথবা তাদেরকে পরস্পরের সাক্ষাৎকার নিতে বলতে পারেন এবং তারপরে তাদের আপনার কাছে একটা প্রতিবেদন পেশ করতে বলতে পারেন।

মূল্যায়নের উদ্দেশ্য হল নিশ্চিত করা যে আপনার করা কাজগুলির জন্য শিক্ষার ফলাফল আরও ভাল হয়েছে কিন্তু এছাড়াও এটা আপনাকে পদ্ধতিটি থেকে শিখতে সক্ষম করে এবং যদি আপনি এটা পুনরাবৃত্তি করেন তবে কী কী জিনিসের উন্নতি করা যায় তা শনাক্ত করে। এটা হওয়ার সম্ভাবনা খুব বেশী যে আপনার বিদ্যালয়ের সাফল্য লাভের ওপর উল্লেখযোগ্য প্রভাব আছে এমন অন্তর্ভুক্তি সংক্রান্ত সমস্যাগুলির যদি আপনি সুরাহা করতে পারেন তবে তা সবসময়েই প্রাধান্য পাবে। পরিবর্তে আপনাকে একটা হস্তক্ষেপের মূল্যায়ন করতে হবে এবং পরিস্থিতির আরও উন্নতি জন্য আরও কী কী কাজ করতে হবে তা শনাক্ত করতে হবে। এইভাবে পদ্ধতিটি সম্ভবত চক্রাকার হবে।

এই ধরনের দীর্ঘমেয়াদী কৌশলগত পরিকল্পনা এবং মূল্যায়ন চক্রে আপনাকে মনোভাব এবং আচরণ পরিবর্তনের ক্ষেত্রে আপনার কর্মীদের অঙ্গীকার ও উদ্যম বজায় রাখতে হবে। মূল্যায়নের ফলাফলগুলি কর্মীদেরকে জানানোটা গুরুত্বপূর্ণ। কর্মীদেরকে আগ্রহী ও উদ্যমী রাখার জন্য তাদের কাজের প্রভাব আপনি কীভাবে নিরীক্ষণ করছেন সেটা জানানোর মত ভাল কিছু নেই। যখন উচ্চাকাঙ্খাটা বিশাল হয় তখন একটা বড় লক্ষ্যের দিকে ছোট ছোট পদক্ষেপগুলোকে স্বীকৃতি দিতে হবে। একইভাবে, কর্মীদের সাথে মূল্যায়নগুলো ভাগ করে নেওয়া একমুখী পদ্ধতি যেন না হয়। তাদেরকে মূল্যায়ন পদ্ধতিতে ভূমিকা নিতে হবে এবং বিষয়গুলির আরও সমাধানের জন্য পরবর্তীকালে যেসব পদক্ষেপ নিতে হবে তা আপনাকে শনাক্ত করার জন্য সাহায্য করতে হবে। উদাহরণস্বরূপ, তারা জিজ্ঞাসা করতে পারেন: যে পরিবর্তনগুলি করা হয়েছিল সেগুলি তাদের কেমন লেগেছিল? অংশগ্রহণকারী শিক্ষার্থীদের শেখা সম্বন্ধে তারা কী লক্ষ্য করেছেন?

অন্তর্ভুক্তিমূলক রীতির বিকাশ ঘটাতে সময় লাগে এবং অনেক বেশী প্রচেষ্টা করতে হয়। যদি আপনি সফল হন তবে তা কেস স্টাডি রূপে লিখে রাখা অথবা আপনার কাজ বিদ্যালয়ের অন্যদের সাথে অথবা অন্যান্য বিদ্যালয়ের সাথে ভাগ করে নেওয়ার জন্য অনুষ্ঠানের আয়োজন করা অতি মূল্যবান। বিনিময়ে আপনি আপনার নিজের অগ্রাধিকার ক্ষেত্রগুলিতে অন্যদের একই সমস্যাগুলি সমাধান করা সম্বন্ধে জানতে পারেন এবং সেগুলোর সমাধানে কিছু যাচাই করা এবং পরীক্ষিত পন্থা পেতে পারেন যার থেকে আপনি শিখতে পারেন।

## 6 সারসংক্ষেপ

এই ইউনিটে আপনি শিখলেন যে ব্যবহারিকভাবে শিক্ষার্থীদের মধ্যে বৈচিত্র্য এবং বিভিন্নতার মোকাবেলা করে কীভাবে অন্তর্ভুক্তি প্রবর্তন করা যায় যাতে প্রত্যেকটা শিক্ষার্থীকে শিক্ষার সমান সুযোগ দেওয়া যায় এবং তারা আপনার বিদ্যালয়ে শিক্ষাগ্রহণে অংশগ্রহণ করতে পারে। এটাতে কোনো সন্দেহই নেই যে অনেক শিক্ষার্থী তাদের প্রতিদিনের জীবনে যে অসাম্যের মুখোমুখি হয় তা দূরীকরণে একটা বিশাল কাজ করতে হবে। কিন্তু বিদ্যালয়গুলিতে সাম্যের দিকে অগ্রসর হওয়ার যাত্রার সূচনা করার এবং তাদের জীবনে পরিবর্তন ঘটানোর বাস্তব সুযোগ রয়েছে যার জন্য শেখায় সকলকে অন্তর্ভুক্ত করার ধারণার প্রবর্তন করতে হবে যাতে সমস্ত কর্মী দল অংশীদার হবে এবং শিক্ষার্থীরা পালন করবে যারা তাদের সমকক্ষকে সম্মান এবং গুরুত্ব দিতে শিখবে।

বিদ্যালয় নেতৃত্ব হিসাবে আপনিই সেই ব্যক্তি যিনি অনেক কিছু সম্পাদন করতে পারেন, কারণ আপনি প্রভাবিত করার জন্য এবং শত শত শিক্ষার্থীর জীবনে প্রয়োজনীয় পরিবর্তন আনার জন্য এক অনন্য অবস্থানে রয়েছেন যাতে তারা তাদের সক্ষমতাকে পুরোপুরি কাজে লাগাতে পারে এবং তাদের সম্পূর্ণ ক্ষমতা অর্জন করতে পারে। এর জন্য দরকার সাহস, জটিল বিশ্লেষণ, উচ্চাকাঙ্খা এবং সং মূল্যায়ন। যদি পদক্ষেপগুলি খুব বড় মনে হয় তবে ছোট করে শুরু করুন এবং সততা ও সাম্যের খ্যাতি সহ এমন একটা বিদ্যালয় গড়ে তুলুন যার জন্য আপনি গর্ব অনুভব করতে পারেন। আপনার চূড়ান্ত লক্ষ্যমাত্রাকে মাথায় রাখুন যে – আপনি এমন একটা বিদ্যালয় গড়তে চান

যেখানে শিশুর অধিকার (আর্টিকেল 29) সম্বন্ধে ইউএন কনভেনশনের নীতিগুলি পালন করা হয়েছে এবং আপনার বিদ্যালয়ের সম্প্রদায় এগুলি করে গর্ব অনুভব করে:

- প্রতিটা ছাত্রের ব্যক্তিত্বের, প্রতিভার এবং সক্ষমতার সম্পূর্ণরূপে বিকাশ
- মানবাধিকারের প্রতি প্রতিটা শিক্ষার্থীকে শ্রদ্ধাশীল হতে তথা তাদের নিজেদের প্রতি এবং অন্যদের সংস্কৃতির প্রতি সম্মান রাখতে উৎসাহিত করা।

এই ইউনিটটা শিক্ষাদান-শিক্ষণ প্রক্রিয়া রূপান্তরের মূল ক্ষেত্রের সাথে সম্পর্কিত সেট বা ইউনিটসমূহের পরিবারের একটা অংশ (ন্যাশনাল কলেজ অব স্কুল লিডারশিপ-এর সাথে সংযুক্ত)। আপনার জ্ঞান এবং দক্ষতা তৈরি করতে আপনি হয়ত এই গুচ্ছের অন্য ইউনিটগুলোর দিকে এর পরে নজর দিলে লাভবান হতে পারেন।

- *প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষাদান এবং শিক্ষালাভের উন্নতিসাধনে নেতৃত্ব দেওয়া*
- *মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষাদান এবং শিক্ষালাভের উন্নতিসাধনে নেতৃত্ব দেওয়া*
- *আপনার বিদ্যালয়ে মূল্যায়নে নেতৃত্ব দেওয়া*
- *কর্মসম্পাদনে উন্নতি করতে শিক্ষকদের সহায়তা করা*
- *শিক্ষকদের পেশাগত বিকাশে নেতৃত্ব দেওয়া*
- *পর্যবেক্ষণ ও শিক্ষাদান করা*
- *আপনার স্কুলে ফলপ্রসূ শিক্ষণ সংস্কৃতি গড়ে তোলা*
- *শিক্ষার্থীদের কার্যকর শিক্ষালাভের সম্পদগুলো ব্যবস্থাপনা করা*
- *আপনার বিদ্যালয়ে প্রযুক্তির ব্যবহারে নেতৃত্ব দেওয়া।*

## সম্পদসমূহ

### সম্পদ 1: সকলকে অন্তর্ভুক্ত করা

সকলকে অন্তর্ভুক্ত করা'র অর্থ কী?

সংস্কৃতি ও সমাজের বৈচিত্র্য শ্রেণিকক্ষে প্রতিফলিত হয়। শিক্ষার্থীদের পৃথক ভাষা, আগ্রহ এবং সক্ষমতা আছে। শিক্ষার্থীরা বিভিন্ন সামাজিক ও অর্থনৈতিক পটভূমি থেকে আসে। আমরা এই পার্থক্যগুলি উপেক্ষা করতে পারি না; আমাদের অবশ্যই এগুলিকে স্বাগত জানানো উচিত, যেহেতু এগুলি একে অপরের সম্বন্ধে জানা এবং আমাদের অভিজ্ঞতা বহির্ভূত বিশ্ব সম্পর্কে শেখার মাধ্যম হতে পারে। তাদের অবস্থা, সামর্থ্য এবং পটভূমি নির্বিশেষে সমস্ত শিক্ষার্থীদের শিক্ষালাভের অধিকার এবং শেখার সুযোগ পাওয়ার অধিকার আছে এবং এটি ভারতীয় আইন এবং শিশুদের আন্তর্জাতিক অধিকার-এ স্বীকৃত। 2014 সালে প্রধানমন্ত্রী মোদি জাতির প্রতি তাঁর প্রথম ভাষণে, ভারতের সব নাগরিকের জাত, লিঙ্গ বা আয় বিবেচনা না করে তাদের সম্মান দেওয়ার গুরুত্বের উপর জোর দিয়েছিলেন। এই ক্ষেত্রে স্কুল ও শিক্ষকদের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা আছে।

আমাদের সকলেরই অন্যদের সম্পর্কে পূর্বধারণা এবং মতামত আছে, যা হয়তো আমরা উপলব্ধি করিনি বা যার মোকাবিলা করিনি। একজন শিক্ষক হিসেবে, প্রত্যেক শিক্ষার্থীর শিক্ষার অভিজ্ঞতাকে ইতিবাচক বা নেতিবাচকভাবে প্রভাবিত করার ক্ষমতা আপনার থাকে। আপনার শিক্ষার্থীরা কতটা সমানভাবে শিখছে সেটাকে জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে আপনার অন্তর্নিহিত পূর্বধারণা এবং মতামতগুলি প্রভাবিত করবে। আপনি আপনার শিক্ষার্থীদের অসম আচরণ থেকে রক্ষা করতে পদক্ষেপ নিতে পারেন।

আপনি যাতে শিক্ষায় সবাইকে অন্তর্ভুক্ত করেন সেটা নিশ্চিত করার তিনটি মূল নীতি হল

- **লক্ষ্য করা:** কার্যকরী শিক্ষকেরা মনোযোগী, বিচক্ষণ এবং সংবেদনশীল হন; তাঁরা তাঁদের শিক্ষার্থীদের পরিবর্তনগুলি লক্ষ্য করেন। আপনি মনোযোগী হলে, কোন শিক্ষার্থী ভাল কিছু করলে তা আপনি লক্ষ্য করবেন, এছাড়া কখন তাদের সাহায্যের প্রয়োজন এবং কীভাবে তারা অন্যদের সঙ্গে সম্পর্কিত হয় তাও আপনি লক্ষ্য করবেন। আপনি আপনার শিক্ষার্থীদের পরিবর্তনগুলোও উপলব্ধি করতে পারবেন, যা হয়তো তাদের বাড়ির অবস্থার কোনো পরিবর্তন বা অন্য কোনো সমস্যার প্রতিফলন হতে পারে। সবাইকে যুক্ত করার জন্য আপনাকে দৈনন্দিন ভিত্তিতে আপনার শিক্ষার্থীদের লক্ষ্য করতে হবে, সেই সব শিক্ষার্থীদের প্রতি বিশেষ মনোযোগ দিতে হবে যারা নিজেদের প্রান্তিক মনে করতে পারে কিংবা অংশগ্রহণ করতে অসমর্থ হতে পারে।
- **আত্মমর্যাদার ওপর মনোযোগ দিন:** ভাল নাগরিক হলেন তারাই, যারা তাদের সঙ্গে থাকা মানুষদের সঙ্গে স্বচ্ছন্দ। তাঁদের আত্মমর্যাদা আছে, তাঁরা নিজের ক্ষমতা ও দুর্বলতা জানেন, এবং সামাজিক অবস্থান নির্বিশেষে অন্য মানুষদের সঙ্গে ইতিবাচক সম্পর্ক গড়ে তোলার সামর্থ্য আছে। তাঁরা নিজেদের সম্মান করেন এবং তাঁরা অন্যদেরও সম্মান করেন। শিক্ষক হিসাবে আপনি অল্প বয়স্ক ব্যক্তির আত্মসম্মানের উপর গুরুত্বপূর্ণ প্রভাব ফেলতে পারেন; আপনাকে সেই ক্ষমতার বিষয়ে সচেতন হতে হবে এবং প্রত্যেক শিক্ষার্থীর আত্মসম্মান গড়ে তুলতে সেটা ব্যবহার করতে হবে।
- **নমনীয়তা:** আপনার শ্রেণিকক্ষে যদি নির্দিষ্ট কোনো শিক্ষার্থী, দল বা ব্যক্তির ক্ষেত্রে কোনো কিছু কাজ না করে, তাহলে আপনার পরিকল্পনা পাল্টাতে বা অ্যাক্টিভিটি থামিয়ে দিতে প্রস্তুত থাকুন। নমনীয়তা আপনাকে পরিবর্তন করতে সক্ষম করবে, যাতে আপনি সমস্ত শিক্ষার্থীকে আরো কার্যকরভাবে অংশগ্রহণ করাতে পারেন।

যে পদ্ধতিগুলি আপনি সব সময় ব্যবহার করতে পারেন

- **ভাল আচরণের আদর্শ:** জাতি, ধর্ম বা লিঙ্গ নির্বিশেষে প্রত্যেকের সঙ্গে ভাল আচরণ করে আপনার শিক্ষার্থীদের সামনে নিদর্শন স্থাপন করুন। সব শিক্ষার্থীদের সঙ্গে সম্মানের সাথে আচরণ করুন আর আপনার পড়ানোর মাধ্যমে সুস্পষ্ট করে দিন যে আপনি সমস্ত শিক্ষার্থীকে সমান গুরুত্ব দেন। তাদের সবার সঙ্গে সম্মানের সাথে কথা বলুন, যখন উপযুক্ত তখন তাদের মতামত গ্রহণ করুন, আর সবাইকে উপকৃত করবে এমন কাজ করার মাধ্যমে তাদের শ্রেণিকক্ষের জন্য দায়িত্ব গ্রহণ করতে উৎসাহ দিন।
- **উচ্চ প্রত্যাশা:** সক্ষমতা অপরিবর্তনীয় নয়; উপযুক্ত সাহায্য পেলে সব শিক্ষার্থী শিখতে এবং উন্নতি করতে পারে। আপনি শ্রেণিতে যে কাজটা করছেন, কোনো শিক্ষার্থীর যদি সেটা বুঝতে সমস্যা হয়, তাহলে ধরে নেবেন না যে তারা কখনই বুঝতে পারবে না। শিক্ষক হিসেবে আপনার ভূমিকা হল, প্রত্যেক শিক্ষার্থীকে কীভাবে সবচেয়ে ভালভাবে শিখতে সাহায্য করা যায় তা নির্ধারণ করা। আপনার যদি শ্রেণির প্রত্যেকের কাছে উচ্চ প্রত্যাশা থাকে, তাহলে আপনার শিক্ষার্থীদেরও এটা ভাবার সম্ভাবনা বেশি যে তারা ধৈর্য ধরলে শিখতে পারবে। উচ্চ প্রত্যাশা আচরণের ক্ষেত্রেও প্রযোজ্য হওয়া উচিত। প্রত্যাশাগুলি যাতে স্পষ্ট হয় এবং শিক্ষার্থীরা একে অপরের সঙ্গে সম্মানের সঙ্গে আচরণ করে তা নিশ্চিত করুন।
- **আপনার পড়ানোয় বৈচিত্র্য আনুন:** শিক্ষার্থীরা বিভিন্ন পন্থার মাধ্যমে শিক্ষালাভ করে। কিছু কিছু শিক্ষার্থী লিখতে ভালবাসে; অন্যরা তাদের ধারণাগুলি উপস্থাপন করতে মনের মানচিত্র বা ছবি আঁকা পছন্দ করে। কিছু কিছু শিক্ষার্থীরা ভাল শ্রোতা; কেউ কেউ তাদের ধারণা সম্পর্কে কথা বলার সুযোগ পেলে খুব ভাল শেখে। আপনি সবসময় সমস্ত শিক্ষার্থীর জন্য উপযোগী হবে এমন করে শেখাতে পারেন না, তবে আপনার পড়ানোয় বৈচিত্র্য আনতে পারেন এবং শিক্ষার্থীদের তাদের যে অ্যাক্টিভিটিগুলি করতে হবে সেগুলির কয়েকটা পছন্দ করার সুযোগ দিতে পারেন।

- **শিক্ষাকে দৈনন্দিন জীবনের সঙ্গে সম্পর্কযুক্ত করুন:** কিছু শিক্ষার্থীর জন্য তাদের যা শিখতে বলছেন সেটা তাদের দৈনন্দিন জীবনে অপ্রাসঙ্গিক বলে মনে হয়। যখনই সম্ভব, শেখাকে তাদের জন্য প্রাসঙ্গিক কোনো বিষয়ের সঙ্গে সম্পর্কিত করে এবং তাদের অভিজ্ঞতা থেকে উদাহরণ টেনে আপনি এই সমস্যার মোকাবিলা করতে পারেন।
- **ভাষার ব্যবহার:** আপনার ব্যবহার করা ভাষা সম্পর্কে যত্নসহকারে চিন্তা করুন। ইতিবাচক ভাষা ও প্রশংসা ব্যবহার করুন, এবং শিক্ষার্থীদের উপহাস করবেন না। সর্বদা তাদের আচরণের ওপর মন্তব্য করবেন, ব্যক্তিগতভাবে তাদের সম্বন্ধে নয়। ‘আজকে তুমি আমাকে বিরক্ত করছ’ মন্তব্যটা খুবই ব্যক্তিগত, এবং এটাকেই ‘তোমার আচরণটা আজ খুবই বিরক্তিকর’ দিয়ে আরও ভালোভাবে প্রকাশ করা যেতে পারে। তোমার কি কোনো কারণে মনঃসংযোগ করতে সমস্যা হচ্ছে?’ বলে এটা আরো ভালভাবে প্রকাশ করতে পারেন।
- **বাঁধাধরা চিন্তাভাবনাকে চ্যালেঞ্জ করা:** এমন সম্পদ খুঁজুন ও ব্যবহার করুন যাতে মেয়েদের বাঁধাধরা চিন্তাভাবনার বাইরের কোনো ভূমিকায় দেখানো হয়, অথবা অনুকরণীয় মহিলা ব্যক্তিবৃন্দের, যেমন মহিলা বিজ্ঞানীদের স্কুল পরিদর্শনে আসার আমন্ত্রণ জানান। আপনার নিজের লিঙ্গগত বাঁধাধরা চিন্তাভাবনা সম্বন্ধে সচেতন হোন; আপনি হয়ত জানেন যে মেয়েরা খেলাধুলো করে আর ছেলেরা যন্ত্রশীল হয়, কিন্তু আমরা প্রায়ই এটা অন্যভাবে প্রকাশ করে থাকি, যার প্রধান কারণ হল আমরা সমাজে এইভাবে কথা বলতেই অভ্যস্ত।
- **একটা নিরাপদ, প্রীতিকর শিক্ষামূলক পরিবেশ সৃষ্টি করুন:** সমস্ত শিক্ষার্থীর স্কুলে নিরাপদ ও স্বাগত বোধ করা আবশ্যিক। আপনি এমন একটা জায়গায় আছেন যেখান থেকে প্রত্যেককে পারস্পরিক শ্রদ্ধাশীল এবং বন্ধুত্বপূর্ণ আচরণে উৎসাহিত করে আপনি আপনার শিক্ষার্থীদের স্বচ্ছন্দ বোধ করাতে পারেন। বিভিন্ন শিক্ষার্থীর কাছে বিদ্যালয় ও শ্রেণিকক্ষ কিরকম মনে হতে এবং বোধ হতে পারে সেই সম্পর্কে চিন্তা করুন। কোথায় তাদের বসতে বলা উচিত বিবেচনা করুন এবং নিশ্চিত করুন যাতে দৃষ্টি বা শ্রবণ বৈকল্য আছে, বা শারীরিক প্রতিবন্ধী শিক্ষার্থীদের এমন স্থানে বসে যেখান থেকে তারা পার্শে অংশ গ্রহণ করতে পারে। যাচাই করুন যে লাজুক বা সহজে মনোযোগ বিক্ষিপ্ত হয় এমন শিক্ষার্থীরা যেন এমন জায়গায় বসে, যেখানে আপনি সহজেই তাদেরকে লক্ষ্য করতে পারবেন।

## নির্দিষ্ট শিখন পন্থা

কয়েকটি নির্দিষ্ট পন্থা আছে যা সকল শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করতে আপনাকে সাহায্য করবে। এইগুলি অন্যান্য মূল সম্পদসমূহে আরো বিস্তারিতভাবে বর্ণিত আছে, তবে একটি সংক্ষিপ্ত পরিচয় এখানে দেওয়া হল:

- **প্রশ্ন করা:** আপনি যদি শিক্ষার্থীদের হাত তুলতে বলেন, তাহলে একই শিক্ষার্থী বারবার উত্তর দেবে। উত্তর সম্পর্কে চিন্তা করা এবং প্রশ্নের উত্তর দেবার ক্ষেত্রে আরো বেশী সংখ্যক শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করার অন্যান্য পদ্ধতি আছে। আপনি নির্দিষ্ট ব্যক্তিদের সরাসরি প্রশ্নগুলি করতে পারেন। ক্লাসকে বলুন যে, কে উত্তর দেবে সেটা আপনি ঠিক করবেন, তারপরে সামনের শিক্ষার্থীদের পরিবর্তে কক্ষের পিছনে আর পাশের দিকে বসে থাকা শিক্ষার্থীদের প্রশ্ন করুন। শিক্ষার্থীদের ‘চিন্তা করার সময়’ দিন এবং নির্দিষ্ট ব্যক্তিদের অংশগ্রহণ করতে আহ্বান করুন। আত্মবিশ্বাস বাড়ানোর জন্য জুটিতে বা দলে কাজ করা ব্যবহার করুন, যাতে আপনি প্রত্যেককে সমগ্র শ্রেণির আলোচনায় যুক্ত করতে পারেন।
- **মূল্যায়ন:** গঠনমূলক মূল্যায়নের জন্য কিছু কৌশল গড়ে তুলুন যা প্রত্যেক শিক্ষার্থীকে ভালভাবে জানতে আপনাকে সাহায্য করবে। লুকানো প্রতিভা এবং ঘাটতি প্রকাশ করার জন্য আপনাকে সৃজনশীল হতে হবে। কিছু শিক্ষার্থী এবং তাদের ক্ষমতা সম্বন্ধে সাধারণ ধারণা থেকে সহজে যে অনুমান করা যায় তার পরিবর্তে গঠনমূলক মূল্যায়ন আপনাকে সঠিক তথ্য প্রদান করবে। আপনি তারপরে তাদের ব্যক্তিগত চাহিদা আরও ভালভাবে পূরণ করতে সক্ষম হবেন।
- **দলে কাজ এবং জুটিতে কাজ:** সবাইকে অন্তর্ভুক্ত করার লক্ষ্যকে মাথায় রেখে, আপনার ক্লাসকে কীভাবে দলে বিভাজিত করা যায় বা কীভাবে জুটি তৈরি করা যায় সেই ব্যাপারে সতর্কভাবে ভাবুন, আর শিক্ষার্থীদেরকে একে অন্যকে গুরুত্ব দিতে উৎসাহ

দিন। নিশ্চিত করুন যেন সমস্ত শিক্ষার্থী একে অন্যের থেকে শেখার সুযোগ পায় আর তারা যা জানে সেটায় আত্মবিশ্বাস অর্জন করতে পারে। কিছু শিক্ষার্থীর ছোট দলে তাদের ধারণাগুলো প্রকাশ করার এবং প্রশ্ন জিজ্ঞাসা করার আত্মবিশ্বাস থাকে, কিন্তু পুরো শ্রেণির সামনে সেটা করার আত্মবিশ্বাস থাকে না।

- **পৃথকীকরণ:** আলাদা আলাদা দলের জন্য আলাদা কাজ নির্ধারণ করলে সেটা শিক্ষার্থীরা তাদের বর্তমান অবস্থান থেকে শুরু করতে এবং এগিয়ে যেতে সাহায্য করবে। নির্দিষ্ট সময় সীমা ছাড়া কাজ নির্ধারণ করলে সকল শিক্ষার্থীদের সফল হওয়ার সুযোগ দেবে। শিক্ষার্থীদের কাজ বেছে নিতে দেওয়া হলে তাদের মধ্যে কাজের মালিকানার বোধ জাগাতে এবং তাদের নিজেদের শেখার দায়িত্ব নিতে সাহায্য করে। ব্যক্তিবিশেষের শিক্ষাগত চাহিদা বিবেচনা করা কঠিন হয়, বিশেষত বড় ক্লাসের ক্ষেত্রে, তবে বিভিন্ন প্রকারের কাজ ও অ্যাক্টিভিটি ব্যবহার করে এটা করা যায়।

## সম্পদ 2: বৈচিত্র্য সম্বন্ধে চিন্তা ভাবনা

সারণি R2.1 বৈচিত্র্য সম্বন্ধে চিন্তা ভাবনা - ফাঁকা টেমপ্লেট (দেখুন অ্যান্ডিভিডিও 4)।

E	কাজ, ইচ্ছাপূর্ণ অথবা কর্মীদের সহযোগিতা করতে হবে										
D	বিদ্যালয় এবং বাড়ীতে শেখার উপলভ্যতা, গ্রহণযোগ্যতা, অংশগ্রহণ এবং কৃতিত্ব অর্জনের শতাংশের হিসাবে										
C	শিক্ষার্থীদের শতাংশ										
B	বৈচিত্র্যের প্রকার										
A	#										

## তথ্যসূত্র/গ্রন্থতালিকা

Ainscow, M., Booth, T. and Dyson, A. (2006) *Improving Schools Developing Inclusion*. Abingdon: Routledge.

Artiles, A., Kozleski, E., Dorn, S. and Christensen, C. (2006). 'Learning in inclusive education research: remediating theory and methods with a transformative agenda', *Review of Research in Education*, no. 30, pp. 65–108.

Causton-Theoharis, J. (2009) 'The golden rule of providing support in inclusive classrooms: support others as you would wish to be supported', *Teaching Exceptional Children*, vol. 42, no. 2, pp. 36–43.

De Silva, N.L. (2013) 'Inclusive pedagogy in light of social justice. special educational rights and inclusive classrooms: on whose terms? A field study in Stockholm suburbs', *European Journal of Education*, no. 48, pp. 419–35.

Drummond, M.J. and Hart, S. (2013) 'An alternative approach to school development: the children are the evidence', *Forum*, no. 55, pp. 121–32.

Florian, L. (2013) 'Preparing teachers to work with everybody: a curricular approach to the reform of teacher education', *Forum*, no. 55, pp. 95–101.

Gutierrez, K. and Correa-Chavez, M. (2006) 'What to do about culture?' *Lifelong Learning in Europe*, vol. 11, no. 3, pp. 152–9.

Kholofelo, C.M. and Frempong, G. (2014) 'The lived experiences of orphaned learners in South Africa: implications for the provision of quality education', *International Journal of Inclusive Education*, vol. 18, no. 7, pp. 686–97.

Liasidou, A. (2013) 'Bilingual and special educational needs in inclusive classrooms: some critical and pedagogic considerations', *Support for Learning*, vol. 28, no. 1, pp. 11–16.

Miles, S. and Singal, N. (2010) 'The education for all and inclusive education debate: conflict, contradictions or opportunities', *International Journal of Inclusive Education*, vol. 14, no. 1, pp. 1–15.

Tetler, S. and Baltzer, K. (2011) 'The climate of inclusive classrooms: the pupil perspective', *London Review of Education*, vol. 9, no. 3, pp. 333–44.

United Nations (1989) *The United Nations Convention on the Rights of the Child*. Available from: [http://www.unicef.org.uk/Documents/Publication-pdfs/UNCRC\\_PRESS200910web.pdf](http://www.unicef.org.uk/Documents/Publication-pdfs/UNCRC_PRESS200910web.pdf) (accessed 16 October 2014).

## কৃতজ্ঞতা স্বীকার

তৃতীয় পক্ষের উপাদানগুলি ব্যতীত এবং অন্যথায় নীচে বর্ণিত না থাকলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ হয় (<http://creativecommons.org/licenses/by-sa/3.0/>)। নীচে স্বীকৃত উপাদানটি মালিকানাধীন এবং এই প্রকল্পের লাইসেন্সের অধীনে ব্যবহার করা হয় এবং ক্রিয়েটিভ কমন্স লাইসেন্সের বিষয়বস্তু নয়। এর অর্থ এই উপাদানটি কেবল মাত্র TESS-INDIA প্রকল্পে গ্রহণ না করেই ব্যবহার করতে পারা যায়, কোনও পরবর্তী OER সংস্করণগুলিতে পারা যায় না। এর মধ্যে TESS-INDIA, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার অন্তর্ভুক্ত।

এই ইউনিটে উপাদানটি পুনরুৎপাদনে অনুমোদন প্রদানের জন্য নিম্নলিখিত উৎসগুলির প্রতি কৃতজ্ঞতা স্বীকার করা হয়:

চিত্র 1: ©দি ওপেন ইউনিভার্সিটি ( Figure 1: © The Open University )

চিত্র 2: কার্টুন, © অজ্ঞাত। ( Figure 2: cartoon, © unknown. )

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।